## গুরুত্বপূর্ণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### পরিচ্ছেদ ⇨ ১ ভাষা

১. ভাষার প্রাণ কী? (গ)
ক অঙ্গভঙ্গি  খ অর্থপূর্ণ ইঙ্গিত
গ অর্থপূণ ধ্বনি  ঘ অর্থপূর্ণ ছবি

২. স্থান, কাল ও সমাজভেদে ভাষার কী দেখা যায়? (খ)
ক প্রকৃত রূপ  খ রূপভেদ
গ আসলরূপ  ঘ বলিষ্ঠ রূপ

৩. মানুষের বাগযন্ত্রের সাহায্যে কী সৃষ্টি হয়? (ঘ)
ক ভাবের  খ চিত্রের
গ যোগাযোগের  ঘ ধ্বনির

৪. বাগযন্ত্রের সহযোগী নয় কোনটি? (খ)
ক দন্ত  খ কর্ণ
গ ওষ্ঠ  ঘ জিহ্বা

৫. প্রকৃত ভাষা সৃষ্টি হতে হলে কিসের ধারাবাহিকতা থাকতে হবে? (ঘ)
ক শব্দের  খ বর্ণের
গ অক্ষরের  ঘ অর্থের

৬. ধ্বনির অর্থপূর্ণ মিলনে কী সৃষ্টি হয়? (ক)
ক শব্দ  খ বাক্য
গ পদ  ঘ ভাষা

৭. বাগযন্ত্রের সহযোগী কোনটি? (ক)
ক গলনালি  খ হাত
গ কান  ঘ মাথা

৮. মানুষের মনের মধ্যে সবসময় কিসের আনাগোনা চলে? (গ)
ক শিক্ষা ও জ্ঞানের  খ কল্পনা ও স্বপ্নের
গ বুদ্ধি বা ভাবের  ঘ আশা ও নিরাশার

৯. মানুষের বুদ্ধি বা ভাবকে কিসের সাহায্যে ব্যাপক পরিসরে প্রকাশ করা যায়? (ঘ)
ক ইশারার  খ অঙ্গভঙ্গির
গ ছবি ও নাচের  ঘ মুখের ধ্বনির

১০. মানুষ একের পর এক কী দিয়ে বাক্য তৈরি করে? (ক)
ক অর্থবোধক শব্দ  খ অর্থবোধক ধ্বনি
গ উন্নত শব্দ  ঘ নির্বাচিত অক্ষর

১১. পৃথিবীতে কতগুলো ভাষা প্রচলিত আছে? (ঘ)
ক চার হাজার
খ সাড়ে চার হাজার
গ তিন হাজারের কাছাকাছি
ঘ সাড়ে তিন হাজারের কাছাকাছি

১২. মানুষ কী সাজিয়ে মনের ভাব অন্যের নিকট প্রকাশ করে? (গ)
ক শব্দের পর শব্দ  খ ধ্বনির পর ধ্বনি
গ বাক্যের পর বাক্য  ঘ অর্থের পর অর্থ

১৩. ভাষাকে কিসের সাথে তুলনা করা হয়? (খ)
ক গতিশীল জীবন  খ প্রবহমান নদী
গ পরিবর্তনশীল জীবন  ঘ প্রবহমান স্রোত

১৪. ভাষা স্থির হয়ে গেলে কী পরিণতি হয়? (গ)
ক অচল হয়  খ রূঢ় হয়
গ মৃত হয়  ঘ শান্ত হয়

১৫. পাঁচশত বছর আগের বাংলা ভাষার রূপের সাথে এখনকার বাংলা ভাষার রূপের তুলনা করলে কোনটি পরিলক্ষিত হয়? (ক)
ক হুবহু এক নয়  খ একই রয়েছে
গ উন্নত হয়েছে  ঘ সম্পূণ আলাদা

১৬. ফ্রান্সের জনগণের ভাষা কোনটি? (ঘ)
ক ইংরেজি  খ ফ্রাংকো
গ ফারসি  ঘ ফরাসি

১৭. সময় অতিবাহিত হওয়ার কারণে ভাষারূপ কী হয়? (খ)
ক বলিষ্ঠ হয়  খ পরিবর্তন হয়
গ গতিশীল হয়  ঘ গতিহীন হয়

১৮. চীন দেশের অধিকাংশ মানুষের ভাষা কোনটি? (গ)
ক চায়না  খ আচিক
গ ম্যান্ডারিন  ঘ মুন্ডারি

১৯. বাংলাদেশের 'গারো'–উপজাতিদের ভাষার নাম কী? (গ)
ক কোল ভাষা  খ তেলেগু ভাষা
গ আচিক ভাষা  ঘ মিশ্র ভাষা

২০. ভারতের কোন অঞ্চলের মানুষের ভাষা বাংলা? (ঘ)
ক দিলি  খ মধ্যপ্রদেশ
গ তামিলনাড়  ঘ ঝাড়খন্ড

২১. পৃথিবীতে বাংলা ভাষাভাষী মোট লোকের সংখ্যা? (ক)
ক ৩০ কোটি  খ ২৫ কোটি
গ ২৭ কোটি  ঘ ২৯ কোটি

২২. মাতৃভাষার বিবেচনায় সারা বিশ্বে বাংলা ভাষার স্থান কত? (খ)
ক তৃতীয়  খ চতুর্থ
গ পঞ্চম  ঘ ষষ্ঠ

২৩. মিয়ানমারের কোন রাজ্যে বাংলা ভাষার প্রচলন আছে? (ঘ)
ক অরণ রাজ্য  খ খন্ড রাজ্য
গ সুনীল রাজ্য  ঘ রাখাইন রাজ্য

২৪. কোনো দেশের সংবিধান স্বীকৃত ভাষাকে কী ভাষা বলা হয়? (ক)
ক রাষ্ট্রভাষা  খ অফিসের ভাষা
গ মৌখিক ভাষা  ঘ মাতৃভাষা

২৫. ভারতের কোন অঞ্চলের অধিকাংশ জনগণ বাংলায় কথা বলে? (গ)
ক চেন্নাই  খ মুম্বাই
গ পশ্চিমবঙ্গ  ঘ আগ্রা

২৬. 'কানাড়ি' কোন দেশের ভাষা? (খ)
ক বাংলাদেশ  খ ভারত
গ পাকিস্তান  ঘ মিয়ানমার

২৭. পাকিস্তানের ভাষা কোনটি? (ক)
ক সিন্ধি  খ তেলেগু
গ গুজরাটি  ঘ কানাড়ি

২৮. রাষ্ট্রভাষা বাংলা– বাংলাদেশের সংবিধানের কত নম্বর অনুচ্ছেদে লিপিবদ্ধ আছে? (ঘ)
ক ২য় ভাগের ৩য় অনুচ্ছেদে
খ ১ম ভাগের ২য় অনুচ্ছেদে
গ ২য় ভাগের ৪র্থ অনুচ্ছেদে
ঘ ১ম ভাগের ৩য় অনুচ্ছেদে

২৯. ভারতের কোন অঞ্চলের মানুষ বাংলায় কথা বলে? (ক)
ক ত্রিপুরা  খ পাঞ্জাব
গ গোয়া  ঘ ছত্রিশগড়

৩০. ভারতের ভাষা কোনটি? (খ)
ক আচিক  খ গুজরাটি
গ সপুরা  ঘ বালুচ

৩১. পাকিস্তানের ভাষা কোনটি? (ক)
ক বালুচ  খ সেজানী
গ পারিখা  ঘ মালেকি

৩২. পাকিস্তানে উর্দুর পাশাপাশি কোন ভাষাকে দাপ্তরিক ভাষা হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে? (ঘ)
ক বাংলা  খ হিন্দি
গ আরবি  ঘ ইংরেজি

৩৩. ভারত-পাকিস্তান উভয় দেশে কোন ভাষা প্রচলিত রয়েছে? (ঘ)
ক হিন্দি  খ উর্দু

গ তামিল　ঘ পাঞ্জাবি

৩৪. ভারতের কোন অঞ্চলের মানুষ বাংলায় কথা বলে? ঘ
ক হায়দ্রাবাদ　খ রাজস্থান
গ আহমেদাবাদ　ঘ বিহার

৩৫. আসাম রাজ্যের কোন উপত্যকার অন্যতম প্রশাসনিক ভাষা বাংলা? খ
ক বালাসর　খ বরাক
গ বিলাদৌড়　ঘ বরাকল

৩৬. পৃথিবীর সকল ভাষার প্রধান রূপ কয়টি? ক
ক ২টি　খ ৩টি
গ ৪টি　ঘ ৫টি

৩৭. বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের জনগোষ্ঠীর মুখের ভাষারীতিকে কী রীতি বলে? গ
ক কথ্য রীতি　খ লেখ্য রীতি
গ আঞ্চলিক রীতি　ঘ চলিত রীতি

৩৮. বাংলা ভাষার লেখ্য রীতি কত ভাগে বিভক্ত? ক
ক ২ ভাগে　খ ৩ ভাগে
গ ৪ ভাগে　ঘ ৫ ভাগে

৩৯. বাংলা ভাষার মৌখিক রীতি কত ভাগে বিভক্ত? ক
ক ২ ভাগে　খ ৩ ভাগে
গ ৪ ভাগে　ঘ ৫ ভাগে

৪০. সাধু ভাষার পদবিন্যাস রীতি কেমন? খ
ক নির্দিষ্ট　খ সুনির্দিষ্ট
গ অনির্দিষ্ট　ঘ নিরর্থক

৪১. সর্বজনবোধ্য মুখের ও লেখার ভাষা কোনটি? খ
ক সাধু ভাষা　খ চলিত ভাষা
গ আঞ্চলিক ভাষা　ঘ উপভাষা

৪২. সাধু রীতিতে কোন কোন পদের পূর্ণরূপ দেখা যায়? ঘ
ক বিশেষ্য ও বিশেষণ
খ সর্বনাম, ক্রিয়া, বিশেষণ
গ বিশেষ্য, বিশেষণ, অব্যয়
ঘ সর্বনাম, ক্রিয়া ও অব্যয়

৪৩. ভাষার সর্বজনগ্রাহ্য ও সমকালের সর্বোচ্চ মার্জিত রূপকে কী রীতি বলে? গ
ক সাধু রীতি　খ চলিত রীতি
গ প্রমিত রীতি　ঘ মৌখিক রীতি

৪৪. বক্তৃতা ও ভাষণের উপযোগী নয় কোন রীতি? ক
ক সাধু রীতি　খ চলিত রীতি
গ প্রমিত রীতি　ঘ আঞ্চলিক রীতি

৪৫. সাধু রীতি কেমন? ঘ
ক হালকা　খ গতিশীল
গ চটুল　ঘ গম্ভীর

৪৬. সব সময় ব্যাকরণের নিয়ম মেনে চলে কোন রীতি? ক
ক সাধু রীতি　খ প্রমিত রীতি
গ শুদ্ধ চলিত　ঘ চলিত রীতি

৪৭. সাধু ভাষায় কোন প্রকারের শব্দের বহুল ব্যবহার দেখা যায়? ক
ক তৎসম　খ তদ্ভব
গ অর্ধতৎসম　ঘ দেশি

৪৮. সাধু ভাষায় কোন পদের রূপ প্রাচীন রীতি অনুসারে হয়? ঘ
ক বিশেষ্য পদ　খ বিশেষণ পদ
গ অব্যয় পদ　ঘ ক্রিয়াপদ

৪৯. সাধু রীতির 'নচেৎ' শব্দটি চলিত রীতিতে কীরূপ হয়? খ
ক না হলে　খ নইলে
গ নাই হলে　ঘ না এলে

৫০. সাধু রীতির 'পার হইয়া' চলিত রীতিতে কী হয়? খ
ক পারায়ে　খ পেরিয়ে
গ পারা　ঘ পারাইয়া

৫১. অভিজাত্যপূর্ণ রীতি কোনটি? ক
ক সাধু রীতি　খ চলিত রীতি
গ প্রমিত রীতি　ঘ আঞ্চলিক রীতি

৫২. চলিত ভাষা রীতির বৈশিষ্ট্য কোনটি? ঘ
ক ব্যাকরণ মানে　খ গম্ভীর
গ কৃত্রিম　ঘ সাবলাল

৫৩. চটুল ও জীবন্ত কোন ভাষারীতি? খ
ক সাধু ভাষা　খ চলিত ভাষা
গ আঞ্চলিক ভাষা　ঘ উপভাষা

৫৪. সাধু রীতির শব্দ কোনটি? গ
ক তবুও　খ প্রায়ই
গ কদাচ　ঘ যদিও

৫৫. চলিত রীতির শব্দ কোনটি? ক
ক শুনলাম　খ কেহ
গ নতুবা　ঘ এই

৫৬. প্রাচীন নিয়মকানুন দিয়ে সাজানো কোন রীতি? ক
ক সাধু রীতি　খ চলিত রীতি
গ প্রমিত রীতি　ঘ আঞ্চলিক রীতি

৫৭. 'দুর্বোধ্য' কোন রীতির শব্দ? ক
ক সাধু রীতি　খ চলিত রীতি
গ প্রমিত রীতি　ঘ আঞ্চলিক রীতি

৫৮. সাধু রীতির বৈশিষ্ট্য কোনটি? গ
ক দেশি শব্দবহুল　খ সরল
গ কৃত্রিম　ঘ বক্তৃতাযোগ্য

৫৯. ভাষা কী? ঘ
ক মানুষের ব্যবহৃত ইশারা-ইঙ্গিত
খ মানুষের চিন্তা-চেতনা
গ যেকোনো আওয়াজ বা ধ্বনি
ঘ মানুষের উচ্চারিত অর্থপূর্ণ ধ্বনিসমষ্টি

৬০. একাধিক শব্দের সমন্বয়ে অর্থের ধারাবাহিকতায় কী তৈরি হয়? গ
ক পদ　খ ধ্বনি
গ বাক্য　ঘ ভাষারীতি

৬১. পশু-পাখির ডাক ভাষা নয় কেন? ঘ
ক শব্দ তৈরি হয় না বলে　খ ধ্বনি সৃষ্টি হয় না বলে
গ বাক্য তৈরি হয় না বলে　ঘ অর্থপূর্ণ হয় না বলে

## ❑ নির্বাচিত বহুনির্বাচনী প্রশ্নোত্তর :

৬২. মাতৃভাষার বিবেচনায় সারা বিশ্বে বাংলা ভাষার স্থান কততম? খ
ক তৃতীয়　খ চতুর্থ
গ সপ্তম　ঘ অষ্টম

৬৩. কোনটি সাধুরীতির বৈশিষ্ট্য? খ
ক চটুল　খ কৃত্রিম
গ জীবন্ত　ঘ পরিবর্তনশীল

৬৪. চলিতরীতির বৈশিষ্ট্য কোনটি? ঘ
ক পদবিন্যাস সুনির্দিষ্ট
খ ব্যাকরণের অনুসারী
গ ভাষারীতি অপরিবর্তনীয়
ঘ **ভাষারীতি সরল ও সাবলীল**

৬৫. মাতৃভাষার বিবেচনায় সারা বিশ্বে বাংলা ভাষার স্থান কততম? ক
ক চতুর্থ　খ পঞ্চম
গ ষষ্ঠ　ঘ সপ্তম

৬৬. পৃথিবীর মোট কত লোকের মাতৃভাষা বাংলা? খ
ক ত্রিশ কোটি　খ প্রায় ত্রিশ কোটি
গ ত্রিশ কোটির কম　ঘ ত্রিশ কোটির বেশি

৬৭. নিচের কোনটি চলিত রীতির বৈশিষ্ট্য? ঘ
ক গুরুগম্ভীর　খ অপরিবর্তনীয়

ⓖ তৎসম শব্দবহুল ⓖh পরিবর্তনশীল

৬৮. ভাষার মৌখিক রূপের কয়টি রীতি রয়েছে? (গ)
ক তিনটি খ চারটি
গ দুটি ঘ পাঁচটি

৬৯. নাটকের সংলাপের উপযোগী ভাষা কোনটি? (ঘ)
ক সাধু খ আঞ্চলিক
গ বিদেশী ঘ চলিত

৭০. আঞ্চলিক ভাষার অপর নাম কী? (খ)
ক প্রমিত ভাষা খ উপভাষা
গ চলিত ভাষা ঘ সাধু ভাষা

৭১. গারো জনগোষ্ঠী কোন ভাষায় কথা বলে? (খ)
ক ফারসি ভাষায় খ আচিক ভাষায়
গ ম্যান্ডরিন ভাষায় ঘ তামিল ভাষায়

৭২. ভাষার সর্বজনগ্রাহ্য ও সমকালের সর্বোচ্চ মার্জিত রূপকে কী বলে? (ঘ)
ক সাধু রীতি খ চলিত রীতি
গ আঞ্চলিক রীতি ঘ প্রমিত রীতি

৭৩. কোনটি চলিত ভাষারীতির বৈশিষ্ট্য? (খ)
ক পদ বিন্যাস সুনির্দিষ্ট খ পরিবর্তনশীল
গ কৃত্রিমতাপূর্ণ
ঘ ব্যাকরণের নিয়ম সবসময় মেনে চলে

৭৪. চলিত ভাষারীতির বৈশিষ্ট্য কোনটি? (খ)
ক সর্বনাম ও ক্রিয়াপদের পূর্ণরূপ
খ সর্বনাম ও ক্রিয়াপদের সংক্ষিপ্ত রূপ
গ ব্যাকরণের নিয়ম অনুসারী
ঘ পদবিন্যাসরীতি সুনির্দিষ্ট

৭৫. পৃথিবীতে কত হাজারের কাছাকাছি ভাষা প্রচলিত আছে? (ঘ)
ক দুই খ আড়াই গ তিন ঘ সাড়ে তিন

## পরিচ্ছেদ ⇨২ ধ্বনি ও বর্ণ

১. বাংলা ভাষায় ব্যবহৃত ধ্বনিগুলোকে প্রধানত কয় ভাগে ভাগ করা হয়? (ক)
ক ২ ভাগে খ ৩ ভাগে
গ ৪ ভাগে ঘ ৫ ভাগে

২. মূর্ধা বর্ণ কোনটি? (খ)
ক হ খ ড গ ত ঘ ন

৩. শব্দকে বিশ্লেষণ করলে যে উপাদান পাওয়া যায় তাকে কী বলে? (গ)
ক বর্ণ খ অক্ষর
গ ধ্বনি ঘ বাক্য

৪. 'ম' ধ্বনির উচ্চারণ স্থান কোথায়? (ঘ)
ক তালু খ কণ্ঠ
গ দন্ত ঘ ওষ্ঠ

৫. অন্য ধ্বনির সাহায্য ছাড়া কোন ধ্বনি উচ্চারিত হয়? (ক)
ক স্বরধ্বনি খ ব্যঞ্জনধ্বনি
গ শীষধ্বনি ঘ ঘোষধ্বনি

৬. 'দন্ত' ধ্বনি কোনটি? (খ)
ক এ খ ধ গ ভ ঘ জ

৭. বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি কয়টি? (খ)
ক ৫টি খ ৭টি
গ ৯টি ঘ ১১টি

৮. 'অ' ধ্বনির কত রকম উচ্চারণ দেখা যায়? (ক)
ক ২ রকম খ ৩ রকম
গ ৪ রকম ঘ ৫ রকম

৯. মূর্ধন্য ধ্বনি কোনটি? (খ)
ক ফ খ র গ দ ঘ শ

১০. যে ধ্বনি স্বরধ্বনির সাহায্য ছাড়া উচ্চারিত হয় না তাকে কী ধ্বনি বলে? (খ)
ক স্বরধ্বনি খ ব্যঞ্জনধ্বনি
গ সরলধ্বনি ঘ মিশ্রধ্বনি

১১. 'ছ' ধ্বনির উচ্চারণ স্থান কোনটি? (ক)
ক তালু খ ওষ্ঠ
গ কণ্ঠ ঘ দন্ত

১২. জিহবামূলীয় ধ্বনি কোনটি? (গ)
ক ট খ ঢ গ গ ঘ প

১৩. ভাষা প্রয়োগে ধ্বনি সৃষ্টি হয় কিসের সাহায্যে? (গ)
ক মানসিকতার খ ভাবের
গ বাগযন্ত্রের ঘ ইচ্ছার

১৪. কোন শব্দটিতে 'অ' ধ্বনির স্বাভাবিক উচ্চারণ হয়েছে? (ঘ)
ক সুমতি খ নদী
গ নতুন ঘ গয়না

১৫. 'ঙ' ধ্বনির উচ্চারণ স্থান কোনটি? (ক)
ক কণ্ঠ খ তালু
গ মূর্ধা ঘ দন্ত

১৬. 'আ' ধ্বনির স্বাভাবিক উচ্চারণ কোনটি? (ঘ)
ক জ্ঞান খ বিখ্যাত
গ জ্ঞাত ঘ আলো

১৭. নিচের কোনটি দন্ত ধ্বনি? (গ)
ক ণ খ প
গ ন ঘ চ

১৮. ভাষা উচ্চারণের জন্য তালু, মাড়ি, দাঁত, ঠোঁট, নাক– এগুলোকে কী বলে? (খ)
ক স্বরযন্ত্র খ বাগপ্রত্যঙ্গ
গ উচ্চারণতন্ত্র ঘ বাগতন্ত্র

১৯. 'ঠ' ধ্বনির উচ্চারণ স্থান কোনটি? (ঘ)
ক তালু খ জিহবা
গ নাক ঘ মূর্ধা

২০. 'অ' ধ্বনির বিকৃত উচ্চারণ রয়েছে নিচের কোন শব্দটিতে? (খ)
ক অনেক খ অতি
গ অকাল ঘ অজ

২১. দন্ত্য বর্ণ কোনটি? (খ)
ক ঝ খ স
গ ব ঘ ঙ

২২. ধ্বনির লিখিত প্রতীকের নাম কী? (গ)
ক চিহ্ন খ অক্ষর
গ বর্ণ ঘ বর্ণমালা

২৩. 'আ' ধ্বনির উচ্চারণ স্থান কোনটি? (ক)
ক কণ্ঠ বা জিহ্বামূল খ কণ্ঠ ও তালু
খ দন্ত ঘ ওষ্ঠ

২৪. কোনটি কণ্ঠৌষ্ঠ্য বর্ণ? (ক)
ক ও খ ঋ
গ গ ঘ ঙ

২৫. বাংলা ব্যাকরণে বর্ণসমূহের সমষ্টিকে কী বলে? (খ)
ক ধ্বনিমালা খ বর্ণমালা
গ বর্ণগুচ্ছ ঘ ধ্বনিগুচ্ছ

২৬. 'চ' ধ্বনির উচ্চারণ স্থান কোনটি? (খ)
ক কণ্ঠ খ তালু
গ ওষ্ঠ ঘ দন্ত

২৭. 'আ' ধ্বনির বিকৃত উচ্চারণ কোনটি? (ক)
ক বিখ্যাত খ আগামী
গ আশা ঘ আমরা

২৮. বাংলা বর্ণমালায় স্বরবর্ণ কয়টি? ঘ
ক ৮টি  খ ৯টি
গ ১০টি  ঘ ১১টি

২৯. তালব্য বর্ণ কোনটি? গ
ক দ  খ ও
গ ঝ  ঘ ষ

৩০. 'ভ' কী ধরনের বর্ণ? ক
ক ওষ্ঠ্য বর্ণ  খ দন্ত্য বর্ণ
গ মূর্ধন্য বর্ণ  ঘ তালব্য বর্ণ

৩১. 'এ' ধ্বনির উচ্চারণ কয় প্রকার? ক
ক ২ প্রকার  খ ৩ প্রকার
গ ৪ প্রকার  ঘ ৫ প্রকার

৩২. কণ্ঠতালব্য বর্ণ কোনটি? গ
ক ধ  খ প
গ এ  ঘ ও

৩৩. 'র' এর উচ্চারণ স্থান কোনটি? ঘ
ক কণ্ঠ  খ তালু
গ ওষ্ঠ  ঘ মূর্ধা

৩৪. 'এ' ধ্বনির স্বাভাবিক উচ্চারণ কোনটি? গ
ক কেন  খ বেলা
গ কেক  ঘ এক

৩৫. বাংলা বর্ণমালায় ব্যঞ্জনবর্ণ কয়টি? ক
ক ৩৯টি  খ ৪০টি
গ ৪১টি  ঘ ৪২টি

৩৬. তালব্য বর্ণ কোনটি? খ
ক ফ  খ য়
গ ণ  ঘ ড

৩৭. 'অ' ধ্বনির বিকৃত উচ্চারণ কোনটি? ক
ক অভিধান  খ অকাল
গ অনেক  ঘ কথা

৩৮. 'ঞ' বর্ণটির কত রকম উচ্চারণ দেখা যায়? খ
ক ২ রকম  খ ৩ রকম
গ ৪ রকম  ঘ ৫ রকম

৩৯. পদের মধ্যে বা শেষে ম-ফলা যুক্ত হলে উচ্চারণে ঐ বর্ণটি দ্বিত্ব হয় এবং সামান্য নাসিক্যস্বর হয়– এর উদাহরণ কোনটি? ঘ
ক শ্মশান  খ স্মরণ
গ সম্মান  ঘ আত্মীয়

৪০. 'উ' ধ্বনিটির উচ্চারণ স্থান কোনটি? গ
ক কণ্ঠ  খ তালু
গ ওষ্ঠ  ঘ দন্ত

৪১. বাংলা বর্ণমালায় বর্ণের সংখ্যা কত? ঘ
ক ২৫টি  খ ২৯টি
গ ৩৯টি  ঘ ৫০টি

৪২. বাংলা বর্ণমালায় স্বরবর্ণের লিখিত রূপ কয়টি? ক
ক ২টি  খ ৩টি
গ ৪টি  ঘ ৫টি

৪৩. 'এ' ধ্বনির বিকৃত উচ্চারণ কোনটি? গ
ক একটি  খ কেটলি
গ বেলা  ঘ মেয়ে

৪৪. স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলে? ক
ক কার  খ ফলা
গ মৌল  ঘ যৌগ

৪৫. ব্যঞ্জনবর্ণের লিখিত রূপ কয়টি? ক
ক ২টি  খ ৩টি
গ ৪টি  ঘ ৫টি

৪৬. কোন শব্দটি 'জ+ঞ' যুক্ত বর্ণ রয়েছে? খ
ক ব্যঞ্জন  খ জ্ঞান
গ অঞ্চল  ঘ বাঙ্গা

৪৭. শব্দের মধ্যে বা শেষে ব-ফলা যুক্ত হলে যুক্ত ব্যঞ্জনটির দ্বিত্ব উচ্চারণ হয় – এর উদাহরণ কোনটি? ঘ
ক শ্বাস  খ স্বজন
গ দিগ্বিজয়  ঘ অশ্ব

৪৮. ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলে? খ
ক কার  খ ফলা
গ মৌল  ঘ যৌগ

৪৯. বাংলা বর্ণমালায় 'কার' কয়টি? ঘ
ক ৭টি  খ ৮টি
গ ৯টি  ঘ ১০টি

৫০. বাংলা বর্ণমালায় 'ফলা' কয়টি? ক
ক ৬টি  খ ৭টি
গ ৮টি  ঘ ৯টি

৫১. 'উৎ' উপসর্গের সাথে ব-ফলা যুক্ত হলে ব-এর উচ্চারণ বহাল থাকে – এর উদাহরণ কোনটি? গ
ক লম্ব  খ অশ্ব
গ উদ্বেল  ঘ দিগ্বিজয়

৫২. শব্দের প্রথমে ম-ফলা থাকলে সে বর্ণের উচ্চারণের কিছুটা ঝোঁক পড়ে এবং সামান্য নাসিক্য স্বর হয়– এর উদাহরণ কোনটি? ঘ
ক আত্মীয়  খ বিস্ময়
গ রশ্মি  ঘ শ্মশান

৫৩. শব্দের প্রথমে ব-ফলা যুক্ত হলে উচ্চারণে শুধু সে বর্ণের ওপর অতিরিক্ত ঝোঁক পড়ে – এর উদাহরণ কোনটি? খ
ক অশ্ব  খ শ্বাস
গ পক্ব  ঘ লম্ব

৫৪. গ, ঙ, ট, ন, ণ, ল, বর্ণের সাথে ম-ফলা যুক্ত হলে ম-এর উচ্চারণ বজায় থাকে। এর উদাহরণ কোনটি? গ
ক বিস্ময়  খ আত্মীয়
গ জন্ম  ঘ পদ্ম

৫৫. ফুসফুস থেকে আগত বাতাস মুখের বিভিন্ন জায়গায় বাধা পেয়ে কী সৃষ্টি হয়? ক
ক ধ্বনি  খ শব্দ
গ বর্ণ  ঘ ভাগ

৫৬. স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপ কোনটি? খ
ক  খ
গ ှ  ঘ

৫৭. কোনটি ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপ? খ
ক া  খ
গ  ঘ ি

৫৮. কোন স্বরবর্ণটি ব্যঞ্জনবর্ণের সাথে যুক্ত হলে সংক্ষিপ্ত রূপ পরিগ্রহ করে না? ক
ক অ  খ আ
গ ই  ঘ উ

৫৯. 'অপরাহ্ন' শব্দটিতে কোন ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপ গৃহীত হয়েছে? গ
ক ম  খ ন
গ ণ  ঘ ল

৬০. 'বিস্ময়' শব্দটির সঠিক উচ্চারণ কোনটি? ঘ
ক বিস্‌ময়  খ বিসয়
গ বিসমোয়  ঘ বিস্‌শঁয়

## ❑ নির্বাচিত বহুনির্বাচনী প্রশ্নোত্তর :

৬১. নিচের কোনগুলো ওষ্ঠ্য বর্ণ? ঘ
ক ক খ গ ঘ ঙ  খ ট ঠ ড ঢ ণ
গ ত থ দ ধ ন  ঘ প ফ ব ভ ম

৬২. কোন স্বরবর্ণটির কোনো সংক্ষিপ্ত রূপ নেই? গ

ক ই খ ঈ গ অ ঘ আ

৬৩. ব্যঞ্জন বর্ণের ফলার চিহ্ন ক'টি? গ
ক ৪টি খ ৫টি গ ৬টি ঘ ৭টি

৬৪. স্বরবর্ণের 'কার' চিহ্ন কয়টি? গ
ক ৮টি খ ৯টি
গ ১০টি ঘ ১১টি

৬৫. বাংলাভাষায় মোট কয়টি 'কারের' ব্যবহার আছে? ক
ক দশটি খ নয়টি
গ আটটি ঘ সাতটি

৬৬. বাংলা স্বরবর্ণ কয়টি? খ
ক ৯টি খ ১১টি
গ ১৩টি ঘ ১৫টি

৬৭. বাংলা ভাষায় ব্যবহৃত ধ্বনিগুলোকে প্রধানত কয় ভাগে ভাগ করা হয়? ঘ
ক পাঁচ খ চার
গ তিন ঘ দুই

৬৮. উচ্চারণস্থান অনুসারে ক ও খ বর্ণ দুটি কোন ধরনের ধ্বনি? ক
ক কণ্ঠ্য ধ্বনি খ মূর্ধণ্য ধ্বনি
গ দন্ত্য ধ্বনি ঘ তালব্য ধ্বনি

৬৯. ব্যঞ্জনবর্ণের 'ফলা' চিহ্ন কয়টি? গ
ক চারটি খ তিনটি
গ ছয়টি ঘ পাঁচটি

৭০. ব্যঞ্জন বর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলে? ক
ক ফলা খ কার
গ পদ ঘ অল্প প্রাণ

৭১. 'ঞ' এর উচ্চারণ কয় রকমের হয়? খ
ক দুই খ তিন গ চার ঘ পাঁচ

৭২. 'এ' ধ্বনির বিকৃত উচ্চারণ রয়েছে কোন শব্দে? ঘ
ক মেষ খ বেগুন গ মেয়ে ঘ বেলা

৭৩. কোনগুলো কণ্ঠ বা জিহ্বামূলীয় বর্ণ? ক
ক অ, আ খ ই, ঈ গ উ, ঊ ঘ ঋ, ট

## পরিচ্ছেদ ⇨৩ সন্ধি

১. কিসের মিলনে সন্ধি সৃষ্টি হয়? গ
ক পদের খ শব্দের
গ ধ্বনির ঘ বর্ণের

২. বাংলা সন্ধি কত প্রকার? ক
ক ২ প্রকার খ ৩ প্রকার
গ ৪ প্রকার ঘ ৫ প্রকার

৩. সন্ধিতে ধ্বনির কত ধরনের মিলন হয়? খ
ক ৩ ধরনের খ ৪ ধরনের
গ ৫ ধরনের ঘ ৬ ধরনের

৪. সন্ধির কাজ কয়টি? গ
ক ২টি খ ৩টি
গ ৪টি ঘ ৫টি

৫. সন্ধির ফলে কোনটি ঘটে? ঘ
ক বাক্য সৃষ্টি খ ছন্দ সৃষ্টি
গ অলংকার সৃষ্টি ঘ শব্দের সৃষ্টি

৬. 'মিথ্যুক' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? ক
ক মিথ্যা+উক খ মিথ্যা+নক
গ মিথ্যা+অক ঘ মিথ্যু+উক

৭. সন্ধির ফলে কী সহজ হয়? ঘ
ক ভাষা খ শব্দ
গ বাক্য ঘ উচ্চারণ

৮. সন্ধিতে আ+আ = কী হয়? খ
ক অ খ আ
গ ই ঘ উ

৯. সন্ধির কাজ কোনটি? ক
ক ভাষা সংক্ষিপ্ত করা খ বাক্য গঠন
গ পদের বিন্যাস ঘ ধ্বনি পরিবর্তন

১০. 'গবেষণা'–শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? খ
ক গবি+এষণা খ গো+এষণা
গ গবে + যনা ঘ গ+বেষনা

১১. 'পবিত্র' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? ক
ক পো+ইত্র খ পরি+ইত্র
গ পো+ঈত্র ঘ পবী+ইত্র

১২. সন্ধির ফলে কী ভালো লাগে? ঘ
ক পড়তে খ বলতে
গ করতে ঘ শুনতে

১৩. সঠিক সূত্র কোনটি? ক
ক অ+অ=আ খ অ+অ=অ
গ অ+আ=এ ঘ আ+অ=ঐ

১৪. অ+আ হয়েছে কোনটিতে? গ
ক নবান্ন খ পরমাণু
গ জলাশয় ঘ কথামৃত

১৫. 'অতীত' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? ক
ক অতি+ইত খ অতী+ইত
গ অতি+ঈত ঘ অতী+ঈত

১৬. 'পরীক্ষা' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? ক
ক পরি+ঈক্ষা খ পরী+ঈক্ষা
গ পরি+ইক্ষা ঘ পড়ী+ঈক্ষা

১৭. ঈ+ই = কী হয়? খ
ক ই খ ঈ
গ এ ঘ ঐ

১৮. বাংলা ভাষায় ব্যবহৃত তৎসম শব্দের সন্ধি কত প্রকার? খ
ক ২ প্রকার খ ৩ প্রকার
গ ৪ প্রকার ঘ ৫ প্রকার

১৯. ব্যঞ্জন সন্ধির উদাহরণ কোনটি? ঘ
ক রূপালি খ কুড়িক
গ মিথ্যুক ঘ কাঁচকলা

২০. স্বরসন্ধির উদাহরণ কোনটি? গ
ক ছোড়দা খ উচ্চারণ
গ নদ্যম্বু ঘ আন্না

২১. আ+অ=আ হয় এর উদাহরণ কোনটি? ঘ
ক পাঠাগার খ জলাশয়
গ পরমাণু ঘ কথামৃত

২২. 'শচীন্দ্র' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? গ
ক শচি+ইন্দ্র খ শচি+ঈন্দ্র
গ শচী+ইন্দ্র ঘ শচী+ঈন্দ্র

২৩. উ+উ = কী হয়? খ
ক উ খ ঊ
গ ঈ ঘ ই

২৪. 'মরূদ্যান' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? গ
ক মরু+ঊদ্যান খ মরূ+উদ্যান
গ মরু+উদ্যান ঘ মর্+উদ্দ্যান

২৫. সন্ধিতে অ+ই = কী হয়? ঘ
ক আ খ ই
গ অ ঘ এ

২৬. 'স্বেচ্ছা' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? ক
ক স্ব+ইচ্ছা খ সু+ইচ্ছা
গ স্বে+ইচ্ছা ঘ সো+ইচ্ছা

২৭. আ+ঈ = এ এর উদাহরণ কোনটি? ক
ক মহেশ্বর খ অপেক্ষা
গ যথেষ্ট ঘ স্বেচ্ছা

২৮. অ+উ = কী হয়? গ
ক উ খ ঊ
গ ও ঘ ঔ

২৯. আ+উ = ও এর উদাহরণ কোনটি? খ
ক চলোর্মি খ কথোপকথন
গ সুর্যোদয় ঘ মহোর্মি

৩০. অ+ঋ = অর( ) এর উদাহরণ কোনটি? ঘ
ক শীতার্ত খ রাজর্ষি
গ ক্ষুধার্ত ঘ দেবর্ষি

৩১. সন্ধিতে আ+ঐ = কী হয়? খ
ক এ খ ঐ
গ অ ঘ আ

৩২. অ+এ = ঐ এর উদাহরণ কোনটি? ক
ক জনৈক খ তথৈব
গ মতৈক্য ঘ মহৈশ্বর্য

৩৩. অ+ঔ = কী হয়? গ
ক অ খ ও
গ ঔ ঘ ঐ

৩৪. আ+ঔ = ঔ এর উদাহরণ– ঘ
ক জলৌকা খ মহৌষধি
গ চিত্তৌদার্য ঘ মহৌষধ

৩৫. 'নদ্যম্বু' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? খ
ক নদি+অম্বু খ নদী+অম্বু
গ নদ্+অম্বু ঘ নদ্+আম্বু

৩৬. 'মস্যাধার' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? ক
ক মসী+আধার খ মসি+আধার
গ মশী+আধার ঘ মস্+আধার

৩৭. 'স্বল্প' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? খ
ক স্ব+অল্প খ সু+অল্প
গ শু+অল্প ঘ শ+অল্প

৩৮. 'অন্বেষণ' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? গ
ক অনূ+এষণ খ অণু+এষণ
গ অনু+এষণ ঘ অনু+এষন

৩৯. 'স্বাগত' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? ক
ক সু+আগত খ স্ব+আগত
গ শু+আগত ঘ সূ+আগত

৪০. 'তন্বী' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? ঘ
ক তনূ+ই খ তনু+ই
গ তনূ+ঈ ঘ তনু+ঈ

৪১. কোনো কোনো ক্ষেত্রে সন্ধির বিসর্গ লোপ হয় না– এর উদাহরণ কোনটি? গ
ক চতুঃ+কোণ খ বহিঃ+কার
গ শিরঃ+পীড়া ঘ নিঃ+পাপ

৪২. বিসর্গসন্ধি কত প্রকার? ক
ক ২ প্রকার খ ৩ প্রকার
গ ৪ প্রকার ঘ ৫ প্রকার

৪৩. 'নায়ক' শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? ঘ
ক নে+অক খ নৌ+অক
গ নয়+অক ঘ নৈ+অক

৪৪. 'ষড়ানন' শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? ঘ
ক ষড়+আনন খ ষড়+আণন
গ ষড্+আনন ঘ ষট্+আনন

৪৫. উচ্চারণের দিক থেকে বিসর্গসন্ধি কোন প্রকার? ঘ
ক 'ম' জাত 'র' জাত খ 'র' জাত 'ত' জাত
গ 'চ' জাত 'প' জাত ঘ 'র' জাত 'স' জাত

৪৬. 'অ' ধ্বনির সঙ্গে বিসর্গ এবং পরে 'অ' ধ্বনি থাকলে বিসর্গ ও অ–ধ্বনি স্থলে ও–কার হয় এর উদাহরণ– ক
ক বয়োধিক খ তপোবন
গ দুর্যোগ ঘ মনোহর

৪৭. 'শঙ্কা' শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? গ
ক সোম্+কা খ শোম্+কা
গ শম্+কা ঘ সম্+কা

৪৮. অ–ধ্বনির সঙ্গে বিসর্গ এবং পরে অ, আ, উ–ধ্বনি থাকলে বিসর্গ ও অ–ধ্বনি মিলে 'র' হয়–এর উদাহরণ– খ
ক পুনর্বার খ প্রাতরাশ
গ কন্নর ঘ সংহার

৪৯. 'ষড়যন্ত্র' শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? ঘ
ক ষড়+যন্ত্র খ ষর+যন্ত্র
গ ষড্+যন্ত্র ঘ ষট্+যন্ত্র

৫০. 'উন্নতি' শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? গ
ক উন+নতি খ উন্+নতি
গ উৎ+নতি ঘ উৎ+ণতি

৫১. 'নবান্ন' শব্দটি সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? ক
ক নব + অন্ন খ নবা + অন্ন
গ ন + বান্ন ঘ নবা + আন্ন

৫২. 'আশাতীত' শব্দটির সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? খ
ক আশা + তীত খ আশা + অতীত
গ আশা + অতীত ঘ আশ + তীত

৫৩. 'কুজ্ঝটিকা' শব্দটির সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? গ
ক কুজ + ঝটিকা খ কু + ঝটিকা
গ কুৎ + ঝটিকা ঘ কুজ্ঝ + টিকা

৫৪. 'উড্ডীন' শব্দটির সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? ক
ক উৎ + ডীন খ উড্ + ডীন
গ উড্ + ডিন ঘ উড্ডী + ইন

৫৫. 'দিগন্ত' শব্দটির সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? গ
ক দিগ্ + অন্ত খ দি + গন্ত
গ দিক্ + অন্ত ঘ দিক্ + গন্ত

## ❑ নির্বাচিত বহুনির্বাচনী প্রশ্নোত্তর :

৫৬. 'রবীন্দ্র'–এর সঠিক সন্ধি–বিচ্ছেদ কোনটি? গ
ক রবী + ইন্দ্র খ রবি + ইন্দ্র
গ রবি + ইন্দ্র ঘ রবী + ইন্দ্র

৫৭. 'পরীক্ষা'–এর সঠিক সন্ধি–বিচ্ছেদ কোনটি? খ
ক পরী + ইক্ষা খ পরি + ঈক্ষা
গ পরি + ইক্ষা ঘ পরী + ঈক্ষা

৫৮. 'অপেক্ষা' এর সঠিক সন্ধি–বিচ্ছেদ কোনটি? গ
ক অপ + ইক্ষা খ অপ + এক্ষা
গ অপ + ঈক্ষা ঘ অ + পেক্ষা

৫৯. 'শিরঃ + ছেদ' এর সঠিক সন্ধি কোনটি? ক
ক শিরশ্ছেদ খ শিরঃছেদ
গ শিরঃশ্চেদ ঘ শিরচ্ছেদ

৬০. 'স্বেচ্ছা'–এর সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? ক
ক স্ব + ইচ্ছা খ সু + ইচ্ছা
গ স + ইচ্ছা ঘ শ্ব + ইচ্ছা

৬১. 'শীতার্ত' শব্দটির সঠিক সন্ধি–বিচ্ছেদ কোনটি? ঘ
ক শীত + আর্ত খ শীত + অর্ত
গ শীতা + ঋত ঘ শীত + ঋত

৬২. 'ভাবুক' শব্দটির সঠিক সন্ধি–বিচ্ছেদ কোনটি? ক
ক ভৌ + উক খ ভো + উক
গ ভাব + উক ঘ ভু + উক

৬৩. ঈ + ঈ = ঈ এই নিয়মে সাধিত শব্দ কোনটি? গ

ক পরীক্ষা খ রবীন্দ্র
গ শ্রীশ ঘ অধীশ্বর

৬৪. 'সুবন্ত' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি? ক
ক সুপ্ + অন্ত খ সু + বন্ত
গ সুব + অন্ত ঘ সু + অন্ত

৬৫. 'মস্যাধার'-এর সন্ধি-বিচ্ছেদ কোনটি? গ
ক মসি + আধার খ মস্যা + আধার
গ মসী + আধার ঘ মস্য + আদার

## পরিচ্ছেদ ⇨ ৪ শব্দ ও পদ

১. শব্দের সাথে কী যুক্ত হলে পদের সৃষ্টি হয়? খ
ক প্রত্যয় খ বিভক্তি
গ অনুসর্গ ঘ উপসর্গ

২. শব্দের প্রাণ কোনটি? গ
ক ভাষা খ ধ্বনি
গ অর্থ ঘ পদ

৩. বিভক্তিগুলো কোথায় যুক্ত হয়? ক
ক শব্দের শেষে খ বাক্যের শেষে
গ ধ্বনির শেষে ঘ প্রত্যয়ের শেষে

৪. 'লিঙ্গ' শব্দের অর্থ কী? ক
ক চিহ্ন খ সংখ্যা
গ জানানো ঘ বোঝানো

৫. সর্বদাই স্ত্রীবাচক শব্দ কোনটি? ঘ
ক শিক্ষিকা খ জায়া
গ কন্যা ঘ সতীন

৬. সর্বদাই পুরুষবাচক শব্দ কোনটি? ক
ক কবিরাজ খ পণ্ডিত
গ সৈন্য ঘ সেবক

৭. উভয়লিঙ্গবাচক শব্দ কোনটি? গ
ক ডাক্তার খ শিক্ষক
গ মানুষ ঘ উকিল

৮. ভিন্ন শব্দযোগে স্ত্রীবাচক শব্দ হয় কোনটির? ঘ
ক কোকিল খ চঞ্চল
গ চাচা ঘ বাবা

৯. কোনটি লিঙ্গ শব্দের অর্থ? ক
ক লক্ষণ খ পরিচয়
গ প্রকাশ ঘ প্রচার

১০. নিত্য স্ত্রীবাচক শব্দ কোনটি? খ
ক শিষ্যা খ সৎমা
গ প্রিয়া ঘ সরলা

১১. কখনও কখনও ভিন্ন শব্দ যোগেও স্ত্রীবাচক শব্দ গঠিত হয়- এর উদাহরণ কোনটি? খ
ক নবীনা খ ছেলে
গ শিশু ঘ মানবী

১২. নিত্য পুরুষবাচক শব্দ কোনটি? গ
ক দাদা খ চতুর
গ কৃতদার ঘ কোকিল

১৩. শব্দের আগে পুরুষ বা স্ত্রীবাচক শব্দ জুড়ে দিয়ে লিঙ্গান্তর করতে হয়- এর উদাহরণ কোনটি? ক
ক পুরুষ মানুষ খ আধুনিক
গ নান ঘ রাক্ষস

১৪. নিত্য স্ত্রীবাচক শব্দ কোনটি? ঘ
ক জেলেনী খ মাননীয়া
গ নবীনা ঘ সধবা

১৫. 'অকৃতদার' কী ধরনের শব্দ? খ
ক নিত্য স্ত্রীবাচক খ নিত্য পুরুষ
গ উভয় লিঙ্গাবাচক ঘ ক্লীব লিঙ্গাবাচক

১৬. 'মহিলা' শব্দটি যক্ত করে স্ত্রীবাচক শব্দ হয় কোন পুরুষবাচক শব্দের? ক
ক কবি খ কোকিল
গ নবীন ঘ দাস

১৭. উভয়লিঙ্গাবাচক শব্দ কোনটি? গ
ক সুন্দর খ বিদ্বান
গ শিশু ঘ ছেলে

১৮. নিচের কোনটি ক্লীবলিঙ্গা? গ
ক বালক খ জেলে
গ বই ঘ ছাত্র

১৯. শব্দের শেষে 'আ' প্রত্যয় যোগ করে স্ত্রীবাচক শব্দ হয়েছে কোনটি? ক
ক আধুনিক খ অনাথ
গ নাগ ঘ ঠাকুর

২০. নিত্য স্ত্রীবাচক শব্দ কোনটি? খ
ক মেয়ে খ এয়ো
গ বিদুষী ঘ মা

২১. নিত্য পুরুষবাচক শব্দ কোনটি? গ
ক কর্তা খ বাবা
গ বিপত্নীক ঘ বুড়া

২২. ভিন্ন শব্দযোগে স্ত্রীবাচক শব্দ হয়েছে কোনটিতে? ঘ
ক সুন্দরী খ বালিকা
গ সিংহ ঘ নারী

২৩. পুরুষবাচক শব্দের শেষে 'অত' থাকলে স্ত্রীবাচকে কী হয়? গ
ক অতি খ মতি
গ অতী ঘ মতী

২৪. 'ইনী' প্রত্যয়যোগে স্ত্রীবাচক শব্দ হয়েছে কোনটিতে? ঘ
ক কামারনী খ কুমারনী
গ হরিণী ঘ বাঘিনী

২৫. উভয়লিঙ্গাবাচক শব্দ কোনটি? গ
ক রাক্ষস খ দাস
গ সন্তান ঘ নর

২৬. কোন পুরুষবাচক শব্দের আগে 'মহিলা' শব্দযোগে স্ত্রীবাচক শব্দ হয়? খ
ক বৃদ্ধ খ কবি
গ ঠাকুর ঘ হরিণ

২৭. নিত্য স্ত্রীবাচক শব্দ কোনটি? ঘ
ক বিদুষী খ বাঙালি
গ সরলা ঘ দাই

২৮. নিত্য পুরুষবাচক শব্দ কোনটি? গ
ক বৃদ্ধ খ সৈন্য
গ স্ত্রৈণ ঘ ধাতা

২৯. ক্লীবলিঙ্গাবাচক শব্দ কোনটি? খ
ক ঠাকুর খ খাতা
গ চতুর ঘ অজ

৩০. শব্দের শেষে পুরুষ ও স্ত্রীবাচক শব্দ যোগ করে স্ত্রীবাচক শব্দ কোনটি? ক
ক ঠাকুরঝি খ ঠাকুরুণ
গ ঠাকুরাইন ঘ ঠাকুরানী

৩১. কোন শব্দটিকে 'ঈ' প্রত্যয় যুক্ত করে স্ত্রীবাচক শব্দ করা হয়? ক
ক দাস খ চঞ্চল গ নানা ঘ মামা

৩২. 'আনী' প্রত্যয় যুক্ত হয় কোনটিতে? ঘ
ক মান খ শূদ্র গ হিম ঘ নাপিত

৩৩. পুরুষবাচক শব্দের শেষে 'বান' থাকলে স্ত্রীবাচকে তা কী হয়? ⓖ
ⓚ বনি ⓚ বনী ⓖ বতী ⓖ বতি

৩৪. পুরুষবাচক শব্দের শেষে 'তা' থাকলে স্ত্রীবাচকে কী হয়? ⓚ
ⓚ তি ⓚ ত্রী ⓖ তী ⓖ ত্রি

৩৫. 'নী' প্রত্যয় যুক্ত হয়নি কোনটিতে? ⓖ
ⓚ জেলেনী ⓚ ধোপানী ⓖ ভাগনী ⓖ কামারনী

৩৬. কতগুলো শব্দে শুধু 'স্ত্রী' বোঝায়, এর উদাহরণ– ⓚ
ⓚ দাই ⓚ ছাত্রী ⓖ ময়ূর ⓖ ইন্দানী

৩৭. ভিন্ন শব্দযোগে স্ত্রীবাচক শব্দ কোনটি? ⓖ
ⓚ চতুরা ⓚ প্রিয়া ⓖ বোন ⓖ ঝি

৩৮. কোন পুরুষবাচক শব্দের আগে 'মহিলা' যোগ করে স্ত্রীবাচক করতে হয়? ⓚ
ⓚ ডাক্তার ⓚ উকিল ⓖ ইঞ্জিনিয়ার ⓖ দোকানদার

৩৯. পুরুষবাচক শব্দের শেষে 'মান' থাকলে স্ত্রীবাচকে কী হয়? ⓖ
ⓚ মানি ⓚ মানী ⓖ মতি ⓖ মতী

৪০. 'নী' পত্যয় যুক্ত হয়েছে কোনটিতে? ⓚ
ⓚ বিদেশিনী ⓚ কুমারনী ⓖ অনাথিনী ⓖ মানিনী

৪১. ক্লীবলিঙ্গাবাচক শব্দ কোনটি? ⓖ
ⓚ স্ত্রৈণ ⓚ ইন্দ্র ⓖ শূদ্র ⓖ চেয়ার

৪২. ভিন্ন শব্দযোগে স্ত্রীবাচক শব্দ হয়েছে কোনটিতে? ⓚ
ⓚ তরুণী ⓚ বিবি ⓖ সুন্দরী ⓖ হরিণী

৪৩. 'আ' প্রত্যয়যোগে স্ত্রীবাচক শব্দ হয়েছে কোনটির? ⓚ
ⓚ সরলা ⓚ নায়িকা ⓖ শিক্ষিকা ⓖ সেবিকা

৪৪. পুরুষবাচক শব্দের শেষে 'ঈয়ান' থাকলে স্ত্রীবাচকে কী হয়? ⓚ
ⓚ ঈয়সী ⓚ ইয়সী ⓖ ঈয়সি ⓖ ইয়সি

৪৫. কোনো কোনো শব্দের শেষে পুরুষ ও স্ত্রীবাচক শব্দ যোগ করে স্ত্রীবাচক শব্দ গঠিত হয়– এর উদাহরণ কোনটি? ⓖ
ⓚ প্রবীণা ⓚ চতুরা ⓖ বোনঝি ⓖ বিদুষী

৪৬. উভয় লিঙ্গাবাচক শব্দ কোনটি? ⓚ
ⓚ বাঙালি ⓚ প্রবীণ ⓖ অকৃতদার ⓖ ঢাকী

৪৭. 'গরীয়ান' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি? ⓚ
ⓚ গরিয়সী ⓚ গরীয়সী ⓖ গরিয়সি ⓖ গরীয়সি

৪৮. 'ইকা' প্রত্যয় যোগে স্ত্রীবাচক শব্দ হয়েছে কোনটি? ⓖ
ⓚ মানবিকা ⓚ চয়নিকা ⓖ গায়িকা ⓖ সোনালিকা

৪৯. কোন পুরুষবাচক শব্দটির শেষে 'ত্রী' যোগ করে স্ত্রীবাচক শব্দ গঠিত হয়? ⓖ
ⓚ কথা ⓚ সুতা ⓖ মাথা ⓖ ধাতা

৫০. শব্দের আগে পুরুষবাচক বা স্ত্রীবাচক শব্দ জুড়ে দিয়ে লিঙ্গান্তর করতে হয়–এর উদাহরণ কোনটি? ⓖ
ⓚ মহিলা ডাক্তার ⓚ নারী সৈন্য ⓖ মাদি ঘোড়া ⓖ নারী সভ্য

৫১. 'বচন' অর্থ কী? ⓚ
ⓚ বিষয়ের ধারণা ⓚ সংখ্যার ধারণা ⓖ ব্যাকরণের ধারণা ⓖ পদের ধারণা

৫২. বাংলা ভাষায় বচন কত প্রকার? ⓚ
ⓚ এক ⓚ দুই ⓖ তিন ⓖ চার

৫৩. 'গল্প' শব্দের সাথে কোন বহুবচনবোধক শব্দ বসবে? ⓖ
ⓚ মালা ⓚ দল ⓖ গুচ্ছ ⓖ ঝাঁক

৫৪. 'শৈবাল' শব্দের সাথে কোন বহুবচনবোধক শব্দ বসবে? ⓚ
ⓚ দাম ⓚ আবলি ⓖ সব ⓖ সমূহ

৫৫. 'গ্রন্থ' শব্দের সাথে কোন বহুবচনবোধক শব্দ বসবে? ⓖ
ⓚ রাশি ⓚ পুঞ্জ ⓖ শ্রেণি ⓖ রাজি

৫৬. বহুবচন প্রকাশক বিভক্তি কোনটি? ⓚ
ⓚ নানা ⓚ গুলো ⓖ গাছা ⓖ দল

৫৭. বহুবচন প্রকাশক শব্দ কোনটি? ⓚ
ⓚ সব ⓚ রাজি ⓖ দের ⓖ টা

৫৮. বহুবচন প্রকাশক নির্দেশক কোনটি? ⓖ
ⓚ কুল ⓚ বহু ⓖ রা ⓖ টি

৫৯. বহুবচন প্রকাশক সমষ্টিবাচক শব্দ কোনটি? ⓖ
ⓚ প্রচুর ⓚ এরা ⓖ বর্গ ⓖ খান

৬০. একবচনরূপে প্রয়োগ করে বহুবচন বোঝাচ্ছে নিচের কোন বাক্যটিতে? ⓖ
ⓚ আমি যাব ⓚ রহিম খেলে ⓖ মানুষ মরণশীল ⓖ অপু পড়ে

৬১. কেবল কোন কোন পদের বচনভেদ হয়? ⓚ
ⓚ বিশেষ্য বিশেষণের ⓚ বিশেষ্য সর্বনামের ⓖ ক্রিয়া–সর্বনামের ⓖ ক্রিয়া–অব্যয়ের

৬২. উন্নত প্রাণীবাচক শব্দের বহুবচনে কোনটি বসে? ⓖ
ⓚ কুল ⓚ নিকর ⓖ সকল ⓖ বর্গ

৬৩. প্রাণি–অপ্রাণি উভয় ক্ষেত্রে বহুবচন প্রকাশে কোনটি বসে? ⓚ
ⓚ সমূহ ⓚ রাজি ⓖ দাম ⓖ গণ

৬৪. কেবল অপ্রাণিবাচক শব্দের বহুবচনে কোনটি বসে? ⓖ
ⓚ গণ ⓚ গুলো ⓖ মালা ⓖ সব

৬৫. পদ কত প্রকার? ⓖ
ⓚ দুই ⓚ তিন ⓖ চার ⓖ পাঁচ

৬৬. সংজ্ঞাবাচক বিশেষ্য পদ কোনটি? ⓚ
ⓚ পাখি ⓚ পদ্মা ⓖ বই ⓖ গাছ

৬৭. কোনটি শ্রেণিবাচক বিশেষ্য পদ? ⓚ
ⓚ কবি ⓚ শালিক ⓖ হাঁস ⓖ বাঘ

৬৮. ভাববাচক বিশেষ্য পদের উদাহরণ কোনটি? ⓖ
ⓚ ঢাকা ⓚ নজরুল ⓖ গমন ⓖ মাছ

৬৯. 'ময়না' কী ধরনের বিশেষ্য পদ? ⓚ
ⓚ সংজ্ঞাবাচক ⓚ শ্রেণিবাচক ⓖ ভাববাচক ⓖ সমষ্টিবাচক

৭০. সমষ্টিবাচক বিশেষ্য পদ কোনটি? ⓖ
ⓚ পর্বত ⓚ ভেড়া ⓖ সাগর ⓖ দল

৭১. ব্যক্তিবাচক সর্বনাম পদ কোনটি? ⓖ
ⓚ কিসে ⓚ কেহ ⓖ সব ⓖ তারা

৭২. 'সেগুলো' কী ধরনের সর্বনাম পদের উদাহরণ? ⓚ
ⓚ ব্যক্তিবাচক ⓚ নির্দেশক ⓖ সাকল্যবাচক ⓖ সাপেক্ষ

৭৩. সাপেক্ষ সর্বনাম কোনটি? ⓚ
ⓚ যা-তা ⓚ নির্দেশক ⓖ কাদের ⓖ অপর

৭৪. 'আপনি' কী ধরনের সর্বনাম? ⓚ
ⓚ অনির্দেশক ⓚ আত্মবাচক ⓖ অন্যাদিবাচক ⓖ প্রশ্নসূচক

৭৫. যে ক্রিয়া দ্বারা বাক্য সমাপ্ত হয় না- তাকে কী ক্রিয়া বলে? ⓚ
ⓚ সমাপিকা ⓚ অসমাপিকা ⓖ সকর্মক ⓖ অকর্মক

৭৬. "শিক্ষক ছাত্রদের বাংলা পড়াচ্ছেন" এ বাক্যে কোন ক্রিয়াপদ রয়েছে? ⓖ
ⓚ সকর্মক ⓚ অকর্মক ⓖ দ্বিকর্মক ⓖ প্রযোজক

৭৭. "সাইরেন বেজে উঠল"– এ বাক্যে কোন ক্রিয়া রয়েছে? ⓖ
ⓚ সমাপিকা ⓚ অসমাপিকা ⓖ প্রযোজক ⓖ যৌগিক

৭৮. ক্রিয়াপদের মূল অংশকে কী বলে? ⓖ
ⓚ পদ ⓚ বিভক্তি ⓖ ধাতু ⓖ বচন

৭৯. কোন বাক্যে অকর্মক ক্রিয়াপদ রয়েছে? ⓖ
ⓚ সে পাস করে গেল ⓚ সাপুড়ে সাপ খেলায় ⓖ মা শিশুকে দুধ খাওয়াচ্ছেন ⓖ সেলিমা বেগম বাড়ি যায়

৮০. ধাতু কত প্রকার? গ
ক এক প্রকার খ দুই প্রকার
গ তিন প্রকার ঘ চার প্রকার

৮১. কোনটি মৌলিক ধাতু? ঘ
ক বলা খ ভয় পা গ দেখা ঘ চল্

৮২. মৌলিক ধাতু কত প্রকার? গ
ক এক প্রকার খ দুই প্রকার
গ তিন প্রকার ঘ চার প্রকার

৮৩. সাধিত ধাতুর উদাহরণ কোনটি? ক
ক করা খ কর্
গ গান কর ঘ তাল কর

৮৪. সাধিত ধাতু কত প্রকার? গ
ক এক প্রকার খ দুই প্রকার
গ তিন প্রকার ঘ চার প্রকার

৮৫. কোনটি যৌগিক ধাতুর উদাহরণ? ঘ
ক বল্ খ শুন্ গ দেখ্ ঘ মার খা

৮৬. ক্রিয়ার কাল কত প্রকার? খ
ক দুই প্রকার খ তিন প্রকার
গ চার প্রকার ঘ পাঁচ প্রকার

৮৭. বর্তমান কাল কত প্রকার? ক
ক তিন প্রকার খ চার প্রকার
গ পাঁচ প্রকার ঘ ছয় প্রকার

৮৮. "ছেলেরা এখন ফুটবল খেলছে"- কোন কালের উদাহরণ? খ
ক সাধারণ বর্তমান খ ঘটমান বর্তমান
গ পুরাঘটিত বর্তমান ঘ অতীত কাল

৮৯. 'গরু' শব্দের সাথে কোন বহুবচনবোধক শব্দ বসবে? গ
ক মালা খ দল গ পাল ঘ ঝাঁক

৯০. বহুবচন প্রকাশক শব্দ কোনটি? ক
ক হরেক খ রাজি গ দের ঘ টা

৯১. 'পক্ষী' শব্দের সাথে কোন বহুবচনবোধক শব্দ বসবে? ঘ
ক দাম খ আবলি গ সব ঘ কুল

৯২. 'শিশু' শব্দের সাথে কোন বহুবচনবোধক শব্দ বসবে? ক
ক গণ খ গুলো গ মালা ঘ সব

৯৩. বহুবচন প্রকাশক বিভক্তি কোনটি? গ
ক হরেক খ রাজি গ দের ঘ টা

৯৪. উন্নত প্রাণিবাচক শব্দের বহুবচনে কোনটি বসে? ঘ
ক কুল খ নিকর গ সকল ঘ গণ

৯৫. প্রাণী-অপ্রাণী উভয় ক্ষেত্রে বহুবচন প্রকাশে কোনটি বসে? ক
ক সব খ রাজি গ দাম ঘ গণ

৯৬. সংজ্ঞাবাচক বিশেষ্য পদ কোনটি? খ
ক পাখি খ লন্ডন গ বই ঘ গাছ

৯৭. কোনটি শ্রেণিবাচক বিশেষ্য পদ? ক
ক মানুষ খ শালিক গ হাঁস ঘ বাঘ

৯৮. ভাববাচক বিশেষ্য পদের উদাহরণ কোনটি? গ
ক ঢাকা খ নজরুল গ শ্রবণ ঘ মাছ

৯৯. 'টিয়া' কী ধরনের বিশেষ্য পদ? ক
ক সংজ্ঞাবাচক খ শ্রেণিবাচক
গ ভাববাচক ঘ সমষ্টিবাচক

১০০. সমষ্টিবাচক বিশেষ্য পদ কোনটি? ঘ
ক পর্বত খ ভেড়া গ সাগর ঘ সভা

১০১. সংজ্ঞাবাচক বিশেষ্য পদ কোনটি? খ
ক পাখি খ নজরুল গ বই ঘ গাছ

১০২. কোনটি শ্রেণিবাচক বিশেষ্য পদ? ক
ক পর্বত খ শালিক গ হাঁস ঘ বাঘ

১০৩. ভাববাচক বিশেষ্য পদের উদাহরণ কোনটি? গ
ক ঢাকা খ নজরুল গ দেখা ঘ মাছ

১০৪. 'বাঘ' কী ধরনের বিশেষ্য পদ? ক
ক সংজ্ঞাবাচক খ শ্রেণিবাচক
গ ভাববাচক ঘ সমষ্টিবাচক

১০৫. সমষ্টিবাচক বিশেষ্য পদ কোনটি? ঘ
ক পর্বত খ ভেড়া গ সাগর ঘ জনতা

১০৬. ব্যক্তিবাচক সর্বনাম পদ কোনটি? ঘ
ক কার খ কেহ গ নিজ ঘ তিনি

১০৭. 'সেটি' কী ধরনের সর্বনাম পদের উদাহরণ? খ
ক ব্যক্তিবাচক খ নির্দেশক
গ সাকল্যবাচক ঘ সাপেক্ষ

১০৮. সাপেক্ষ সর্বনাম কোনটি? ক
ক যে–সে খ নির্দেশক
গ কাদের ঘ অপর

১০৯. 'খোদ' কী ধরনের সর্বনাম? খ
ক অনির্দেশক খ আত্মবাচক
গ অন্যাদিবাচক ঘ প্রশ্নসূচক

১১০. সংজ্ঞাবাচক বিশেষ্য পদ কোনটি? খ
ক পাখি খ ঢাকা গ বই ঘ গাছ

১১১. কোনটি শ্রেণিবাচক বিশেষ্য পদ? ক
ক বাঙালি খ শালিক গ হাঁস ঘ বাঘ

১১২. ভাববাচক বিশেষ্য পদের উদাহরণ কোনটি? গ
ক ঢাকা খ নজরুল গ শয়ন ঘ মাছ

১১৩. 'হিপোটেমাস' কী ধরনের বিশেষ্য পদ? ক
ক সজ্ঞাবাচক খ শ্রেণিবাচক
গ ভাববাচক ঘ সমষ্টিবাচক

১১৪. সমষ্টিবাচক বিশেষ্য পদ কোনটি? ঘ
ক পর্বত খ ভেড়া গ সাগর ঘ সমিতি

১১৫. ব্যক্তিবাচক সর্বনাম পদ কোনটি? ঘ
ক কিসে খ কেহ গ সব ঘ আমরা

১১৬. 'এ' কী ধরনের সর্বনাম পদের উদাহরণ? খ
ক ব্যক্তিবাচক খ নির্দেশক
গ প্রশ্নসূচক ঘ সাপেক্ষ

১১৭. সাপেক্ষ সর্বনাম কোনটি? ক
ক যিনি–তিনি খ নির্দেশক
গ কাদের ঘ অপর

১১৮. 'স্বয়ং' কী ধরনের সর্বনাম? খ
ক অনির্দেশক খ আত্মবাচক
গ অন্যাদিবাচক ঘ প্রশ্নসূচক

১১৯. অন্যাদিবাচক সর্বনাম পদ কোনটি? ঘ
ক কিসে খ কেহ গ সব ঘ অপর

১২০. অনির্দেশক সর্বনাম পদ কোনটি? খ
ক কিসে খ কেউ গ সব ঘ অপর

১২১. প্রশ্নসূচক সর্বনাম পদ কোনটি? গ
ক কিছু খ কেউ গ কী ঘ অপর

১২২. সাকল্যবাচক সর্বনাম পদ কোনটি? ক
ক সকল খ কেউ গ কী ঘ অপর

১২৩. ব্যক্তিবাচক সর্বনাম পদ কোনটি? ঘ
ক কী খ এটি গ সব ঘ ওরা

১২৪. 'এটি' কী ধরনের সর্বনাম পদের উদাহরণ? খ
ক ব্যক্তিবাচক খ নির্দেশক
গ সাকল্যবাচক ঘ সাপেক্ষ

১২৫. সাপেক্ষ সর্বনাম কোনটি? ক
ক যারা–তারা খ সেগুলো
গ কাদের ঘ অপর

১২৬. 'নিজ' কী ধরনের সর্বনাম? খ
ক অনির্দেশক খ আত্মবাচক
গ অন্যাদিবাচক ঘ প্রশ্নসূচক

১২৭. অন্যাদিবাচক সর্বনাম পদ কোনটি? ঘ
ক কিসে খ কেহ
গ সব ঘ অপর

১২৮. অনির্দেশক সর্বনাম পদ কোনটি? খ
ক কিসে খ কোন গ নিজ ঘ তিনি

১২৯. প্রশ্নসূচক সর্বনাম পদ কোনটি? গ

ক পর খ তার গ কার ঘ অপর

**১৩০. সাকল্যবাচক সর্বনাম পদ কোনটি?** ক
ক সমুদয় খ কেউ গ কী ঘ কার

**১৩১. যে ক্রিয়ার কোনো কর্ম থাকে না তাকে কী ক্রিয়া বলে?** ঘ
ক সমাপিকা ক্রিয়া খ অসমাপিকা ক্রিয়া
গ সকর্মক ক্রিয়া ঘ অকর্মক ক্রিয়া

**১৩২. "মা শিশুকে দুধ খাওয়াচ্ছেন"–এ বাক্যে কোন ক্রিয়াপদ রয়েছে?** গ
ক সকর্মক খ অসমাপিকা
গ দ্বিকর্মক ঘ প্রযোজক

**১৩৩. কোন বাক্যে অকর্মক ক্রিয়াপদ রয়েছে?** ঘ
ক সাইরেন বেজে উঠল
খ সাপুড়ে সাপ খেলায়
গ মা শিশুকে দুধ খাওয়াচ্ছেন
ঘ মনি মারমা ভাত খায়

**১৩৪. যে বাক্যে দুটি কর্ম থাকে তাকে কী ক্রিয়া বলে?** ঘ
ক সমাপিকা খ অসমাপিকা
গ সকর্মক ঘ দ্বিকর্মক

**১৩৫. "মা খোকাকে চাঁদ দেখাচ্ছেন"–এ বাক্যে কোন ক্রিয়াপদ রয়েছে?** ঘ
ক সকর্মক খ যৌগিক
গ দ্বিকর্মক ঘ প্রযোজক

**১৩৬. কোন বাক্যে যৌগিক ক্রিয়াপদ রয়েছে?** ক
ক সে পাস করে গেল
খ সাপুড়ে সাপ খেলায়
গ শিক্ষক ছাত্রদের বাংলা পড়াচ্ছেন
ঘ মনি মারমা ভাত খায়

**১৩৭. "স্বপন চিঠি লিখছে"–এ বাক্যে কোন ক্রিয়াপদ রয়েছে?** ক
ক সকর্মক খ অকর্মক
গ দ্বিকর্মক ঘ প্রযোজক

**১৩৮. কোন বাক্যে প্রযোজক ক্রিয়াপদ রয়েছে?** খ
ক স্বপন চিঠি লিখছে
খ সাপুড়ে সাপ খেলায়
গ মা শিশুকে দুধ খাওয়াচ্ছেন
ঘ সেলিমা বেগম বাড়ি যায়

**১৩৯. "কাঞ্চন বই পড়ছে"–এ বাক্যে কোন ক্রিয়াপদ রয়েছে?** ক
ক সকর্মক খ অকর্মক
গ দ্বিকর্মক ঘ প্রযোজক

**১৪০. 'পাল' কী ধরনের বিশেষ্য পদ?** ঘ
ক ভাববাচক খ শ্রেণিবাচক
গ সংজ্ঞাবাচক ঘ সমষ্টিবাচক

**১৪১. 'দর্শন' কী ধরনের বিশেষ্য পদ?** গ
ক শ্রেণিবাচক খ সংজ্ঞাবাচক
গ ভাববাচক ঘ সমষ্টিবাচক

**১৪২. 'হিমালয়' কা ধরনের বিশেষ্য পদ?** ক
ক সংজ্ঞাবাচক খ শ্রেণিবাচক
গ সমষ্টিবাচক ঘ ভাববাচক

**১৪৩. 'শহর' কী ধরনের বিশেষ্য পদ?** খ
ক সমষ্টিবাচক খ শ্রেণিবাচক
গ ভাববাচক ঘ সংজ্ঞাবাচক

**১৪৪. 'শ্রবণ' কী ধরনের বিশেষ্য পদ?** গ
ক সংজ্ঞাবাচক খ সমষ্টিবাচক
গ ভাববাচক ঘ শ্রেণিবাচক

**১৪৫. 'সমিতি' কী ধরনের বিশেষ্য পদ?** ঘ
ক সংজ্ঞাবাচক খ ভাববাচক
গ শ্রেণিবাচক ঘ সমষ্টিবাচক

**১৪৬. 'আলাওল' কী ধরনের বিশেষ্য পদ?** ক
ক সংজ্ঞাবাচক খ শ্রেণিবাচক
গ ভাববাচক ঘ সমষ্টিবাচক

**১৪৭. 'পাখি' কী ধরনের বিশেষ্য পদ?** খ
ক ভাববাচক খ শ্রেণিবাচক
গ সংজ্ঞাবাচক ঘ সমষ্টিবাচক

**১৪৮. 'করা' কী ধরনের বিশেষ্য পদ?** গ
ক সংজ্ঞাবাচক খ সমষ্টিবাচক
গ ভাববাচক ঘ শ্রেণিবাচক

**১৪৯. 'শ্রেণি' কী ধরনের বিশেষ্য পদ?** ঘ
ক সংজ্ঞাবাচক খ ভাববাচক
গ শ্রেণিবাচক ঘ সমষ্টিবাচক

**১৫০. কোনটি মৌলিক ধাতু?** ঘ
ক বলা খ ভয় পা গ দেখা ঘ আঁক্

**১৫১. সাধিত ধাতুর উদাহরণ কোনটি?** ক
ক পড়া খ কর্
গ গান কর ঘ তাল কর

**১৫২. কোনটি যৌগিক ধাতুর উদাহরণ?** ঘ
ক বল্ খ শুন্
গ দেখ্ ঘ ভয় কর্

**১৫৩. কোন ধাতুকে ভাঙা বা বিশ্লেষণ করা যায় না?** গ
ক সাধিত ধাতু খ যৌগিক ধাতু
গ মৌলিক ধাতু ঘ নাম ধাতু

**১৫৪. কোনটি মৌলিক ধাতু?** ঘ
ক বলা খ ভয় পা গ দেখা ঘ কর্

**১৫৫. সাধিত ধাতুর উদাহরণ কোনটি?** ক
ক দেখা খ কর্
গ গান কর ঘ তাল কর

**১৫৬. কোনটি যৌগিক ধাতুর উদাহরণ?** ঘ
ক বল্ খ শুন্
গ দেখ্ ঘ দুঃখ পা

**১৫৭. মৌলিক ধাতু বা নাম ধাতুর পরে আ প্রত্যয় যোগে কোন ধাতু গঠিত হয়?** ক
ক সাধিত ধাতু খ যৌগিক ধাতু
গ মৌলিক ধাতু ঘ নাম ধাতু

**১৫৮. 'দৃশ্' ধাতুটি কোন শ্রেণির ধাতু?** ক
ক সংস্কৃত ধাতু খ বাংলা ধাতু
গ বিদেশাগত ধাত ঘ নাম ধাতু

**১৫৯. বিশেষ্য, বিশেষণ, ধ্বন্যাত্মক অব্যয়ের পরে 'আ' প্রত্যয় যোগে কোন ধাতু গঠিত হয়?** ক
ক সাধিত ধাতু খ বাংলা ধাতু
গ মৌলিক ধাতু ঘ নাম ধাতু

**১৬০. 'হাস্' ধাতুটি কোন শ্রেণির?** খ
ক সংস্কৃত ধাতু খ বাংলা ধাতু
গ প্রযোজক ধাতু ঘ নাম ধাতু

**১৬১. 'টান্' ধাতুটি কোন শ্রেণির ধাতু?** গ
ক সংস্কৃত ধাতু খ যৌগিক ধাতু
গ বিদেশাগত ধাত ঘ নাম ধাতু

**১৬২. 'হাতা' ধাতুটি কোন শ্রেণির ধাতু?** ঘ
ক কর্মবাচ্যের ধাতু খ বাংলা ধাতু
গ বিদেশাগত ধাত ঘ নাম ধাতু

**১৬৩. 'দেখ্' ধাতুটি কোন শ্রেণির ধাতু?** খ
ক সংস্কৃত ধাতু খ বাংলা ধাতু
গ বিদেশাগত ধাত ঘ প্রযোজক ধাতু

**১৬৪. 'জম্' ধাতুটি কোন শ্রেণির ধাতু?** গ
ক সংস্কৃত ধাতু খ বাংলা ধাতু
গ বিদেশাগত ধাত ঘ কর্মবাচ্যের ধাতু

**১৬৫. মৌলিক ধাতুর পরে অপরকে নিয়োজিত করা অর্থে আ–প্রত্যয় যোগে কোন ধাতু গঠিত হয়?** গ
ক সাধিত ধাত খ যৌগিক ধাতু
গ প্রযোজক ধাত ঘ বিদেশাগত ধাতু

১৬৬. বিশেষ্য, বিশেষণ,অনুকার অব্যয়ের পরে আ প্রত্যয় যোগে কোন ধাতু গঠিত হয়? ঘ
ক সাধিত ধাতু খ যৌগিক ধাতু
গ মৌলিক ধাত ঘ নাম ধাতু

১৬৭. বিশেষ্য, বিশেষণ, ধ্বন্যাত্মক অব্যয়ের সাথে কর, দে, হ, পা, খা ইত্যাদি মৌলিক ধাতু যোগে কোন ধাতু গঠিত হয়? খ
ক সাধিত ধাতু খ যৌগিক ধাতু
গ মৌলিক ধাত ঘ প্রযোজক ধাতু

১৬৮. 'ধমকা' ধাতুটি কোন শ্রেণির ধাতু? ঘ
ক কর্মবাচ্যের ধাতু খ বাংলা ধাতু
গ বিদেশাগত ধাত ঘ নাম ধাতু

১৬৯. অতীত কাল কত প্রকার? খ
ক তিন প্রকার খ চার প্রকার
গ পাঁচ প্রকার ঘ ছয় প্রকার

১৭০. "আমার ছোট ভাই লিখছে"– কোন কালের উদাহরণ? খ
ক সাধারণ বর্তমান খ ঘটমান বর্তমান
গ পুরাঘটিত বর্তমান ঘ অতীত কাল

১৭১. ভবিষ্যৎ কাল কত প্রকার? ক
ক তিন প্রকার খ চার প্রকার
গ পাঁচ প্রকার ঘ ছয় প্রকার

১৭২. "মা রান্না করছিলেন"– কোন কালের উদাহরণ? ঘ
ক সাধারণ বর্তমান খ ঘটমান বর্তমান
গ পুরাঘটিত বর্তমান ঘ অতীত কাল

১৭৩. "এবার মা খেতে ডেকেছেন"– কোন কালের উদাহরণ? গ
ক সাধারণ বর্তমান খ ঘটমান বর্তমান
গ পুরাঘটিত বর্তমান ঘ ঘটমান ভবিষ্যৎ

১৭৪. "সকালে সূর্য ওঠে"–কোন কালের উদাহরণ? ক
ক সাধারণ বর্তমান খ ঘটমান বর্তমান
গ পুরাঘটিত বর্তমান ঘ সাধারণ ভবিষ্যৎ

১৭৫. যে ক্রিয়ার কাজ বর্তমানে ঘটছে বা চলছে, এখনও শেষ হয়নি–তাকে কোন কালের ক্রিয়া বলে? খ
ক সাধারণ বর্তমান খ ঘটমান বর্তমান
গ নিত্যবৃত্ত অতীত ঘ পুরাঘটিত ভবিষ্যৎ

১৭৬. ঘটমান অতীত কালের উদাহরণ কোনটি? খ
ক তিনি খুলনা থেকে এলেন
খ রিতা ঘুমাচ্ছিল
গ এখন বাবা অফিস থেকে ফিরেছেন
ঘ টেলিভিশনে রবীন্দ্রনাথের লেখা নাটক দেখাচ্ছে

১৭৭. সাধারণ অতীত কালের উদাহরণ কোনটি? ক
ক তিনি খুলনা থেকে এলেন
খ রিতা ঘুমাচ্ছিল
গ এখন বাবা অফিস থেকে ফিরেছেন
ঘ টেলিভিশনে রবীন্দ্রনাথের লেখা নাটক দেখাচ্ছে

১৭৮. ঘটমান বর্তমান কালের উদাহরণ কোনটি? ঘ
ক সকালে সূর্য ওঠে
খ রিতা ঘুমাচ্ছিল
গ এবার মা খেতে ডেকেছেন
ঘ টেলিভিশনে রবীন্দ্রনাথের লেখা নাটক দেখাচ্ছে

১৭৯. পুরাঘটিত বর্তমান কালের উদাহরণ কোনটি? গ
ক দুই আর দুইয়ে চার হয়
খ সুমন বই পড়ছিল
গ এখন বাবা অফিস থেকে ফিরেছেন
ঘ আমি খেলা দেখে এলাম

১৮০. যে ক্রিয়ার কাজ কিছু আগে শেষ হয়েছে কিন্তু তার ফল এখনও আছে তাকে কোন কালের ক্রিয়া বলে? গ
ক সাধারণ বর্তমান খ ঘটমান বর্তমান
গ পুরাঘটিত বর্তমান ঘ ঘটমান অতীত

১৮১. যে ক্রিয়ার কাজ বর্তমানে সাধারণভাবে ঘটে বা হয়, তাকে কোন কালের ক্রিয়া বলে? ক
ক সাধারণ বর্তমান খ ঘটমান বর্তমান
গ পুরাঘটিত বর্তমান ঘ নিত্যবৃত্ত অতীত

১৮২. "অবশেষে আমি ইংরেজি পড়া শেষ করেছি"–কোন কালের উদাহরণ? গ
ক সাধারণ বর্তমান খ ঘটমান বর্তমান
গ পুরাঘটিত বর্তমান ঘ সাধারণ অতীত

১৮৩. "দুই আর দুইয়ে চার হয়"–কোন কালের উদাহরণ? ক
ক সাধারণ বর্তমান খ ঘটমান বর্তমান
গ পুরাঘটিত বর্তমান ঘ অতীত কাল

১৮৪. "আমি রোজ বিদ্যালয়ে পড়তে যাই"–কোন কালের উদাহরণ? ক
ক সাধারণ বর্তমান খ ঘটমান অতীত
গ পুরাঘটিত ভবিষ্যৎ ঘ অতীত কাল

১৮৫. যে ক্রিয়ার কাজ অতীত কালে প্রায়ই ঘটত তাকে কোন কালের ক্রিয়া বলে? ঘ
ক সাধারণ অতীত খ ঘটমান অতীত
গ পুরাঘটিত অতীত ঘ নিত্যবৃত্ত অতীত

১৮৬. যে ক্রিয়া অনেক আগেই শেষ হয়ে গেছে তাকে কোন কালের ক্রিয়া বলে? গ
ক সাধারণ অতীত খ ঘটমান অতীত
গ পুরাঘটিত অতীত ঘ নিত্যবৃত্ত অতীত

১৮৭. যে ক্রিয়ার কাজ অতীত কালে চলেছিল তখনও শেষ হয়নি বোঝায় তাকে কোন কালের ক্রিয়া বলে? খ
ক সাধারণ অতীত খ ঘটমান অতীত
গ পুরাঘটিত অতীত ঘ নিত্যবৃত্ত অতীত

১৮৮. "আমরা রাজশাহী গিয়েছিলাম"–কোন কালের উদাহরণ? গ
ক সাধারণ অতীত খ ঘটমান বর্তমান
গ পুরাঘটিত অতীত ঘ নিত্যবৃত্ত অতীত

১৮৯. "বাবা প্রতিদিন বাজার করতেন"–কোন কালের উদাহরণ? ঘ
ক সাধারণ অতীত খ ঘটমান অতীত
গ ঘটমান বর্তমান ঘ নিত্যবৃত্ত অতীত

১৯০. "সুমন বই পড়ছিল"–কোন কালের উদাহরণ? খ
ক ঘটমান বর্তমান খ ঘটমান অতীত
গ পুরাঘটিত অতীত ঘ নিত্যবৃত্ত অতীত

১৯১. "আমি খেলা দেখে এলাম"–কোন কালের উদাহরণ? ক
ক সাধারণ অতীত খ সাধারণ বর্তমান
গ পুরাঘটিত অতীত ঘ নিত্যবৃত্ত অতীত

১৯২. যে ক্রিয়ার কাজ পরে বা ভবিষ্যতে সাধারণভাবে সংঘটিত হবে–তাকে কোন কালের ক্রিয়া বলে? ক
ক সাধারণ ভবিষ্যৎ খ ঘটমান ভবিষ্যৎ
গ পুরাঘটিত ভবিষ্যৎ ঘ সাধারণ বর্তমান

১৯৩. "অমি কথা বলতে থাকবে"–কোন কালের উদাহরণ? খ
ক সাধারণ ভবিষ্যৎ খ ঘটমান ভবিষ্যৎ
গ পুরাঘটিত ভবিষ্যৎ ঘ নিত্যবৃত্ত অতীত

১৯৪. কোনো ক্রিয়া সম্ভবত ঘটে গিয়েছে বোঝালে তাকে কোন কালের ক্রিয়া বলে? গ
ক সাধারণ ভবিষ্যৎ খ পুরাঘটিত বর্তমান
গ পুরাঘটিত ভবিষ্যৎ ঘ নিত্যবৃত্ত অতীত

১৯৫. "বাবা আজ আসবেন"–কোন কালের উদাহরণ? ক
ক সাধারণ ভবিষ্যৎ খ ঘটমান ভবিষ্যৎ
গ পুরাঘটিত ভবিষ্যৎ ঘ নিত্যবৃত্ত অতীত

১৯৬. যে ক্রিয়ার কাজ ভবিষ্যতে শুরু হয়ে চলতে থাকবে তাকে কোন কালের ক্রিয়া বলে? খ
ক সাধারণ ভবিষ্যৎ খ ঘটমান বর্তমান
গ পুরাঘটিত ভবিষ্যৎ ঘ পুরাঘটিত বর্তমান

১৯৭. "মনীষা দৌড়াতে থাকবে"–কোন কালের উদাহরণ? খ
ক সাধারণ বর্তমান খ ঘটমান ভবিষ্যৎ
গ পুরাঘটিত ভবিষ্যৎ ঘ ঘটমান অতীত

১৯৮. আদেশ, অনুরোধ, অনুমতি, প্রার্থনা বোঝালে তাকে কী বলে? ঘ

ক) সাধারণ ভবিষ্যৎ খ) ঘটমান ভবিষ্যৎ
গ) পুরাঘটিত ভবিষ্যৎ ঘ) অনুজ্ঞা

**১৯৯. "আমি হব সকাল বেলার পাখি"–কোন কালের উদাহরণ?** ক
ক) সাধারণ ভবিষ্যৎ খ) ঘটমান ভবিষ্যৎ
গ) পুরাঘটিত বর্তমান ঘ) পুরাঘটিত অতীত

**২০০. "তুমি কি তার পরীক্ষা নিয়েছিলে"–কোন কালের উদাহরণ?** গ
ক) সাধারণ ভবিষ্যৎ খ) ঘটমান ভবিষ্যৎ
গ) পুরাঘটিত অতীত ঘ) নিত্যবৃত্ত অতীত

**২০১. কোনটি নিত্য পুরুষবাচক শব্দ?** ঘ
ক) কুলটা খ) শুভ্র
গ) চাতক ঘ) কবিরাজ

**২০২. নিত্য স্ত্রী বাচক শব্দের উদাহরণ কোনটি?** ক
ক) সতীন খ) বিমাতা
গ) কবিরাজ ঘ) ঢেকি

**২০৩. কোনটি আ প্রত্যয় যোগে সাধিত স্ত্রীবাচক শব্দ?** গ
ক) নায়িকা খ) গায়িকা
গ) আধুনিক ঘ) বালিকা

**২০৪. নাপিত শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি?** গ
ক) নাপিত খ) নাপিতী
গ) নাপিতানি ঘ) নাপিতনী

## ❑ নির্বাচিত বহুনির্বাচনী প্রশ্নোত্তর :

**২০৫. নিচের কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ?** ক
ক) সধবা খ) রজকী
গ) সেবিকা ঘ) ছাত্রী

**২০৬. প্রাণিবাচক ও অপ্রাণিবাচক উভয় শব্দের বহুবচনেব্যবহৃত হয় কোনটি?** গ
ক) গণ, বৃন্দ খ) রাজি, রাশি
গ) কুল, সকল ঘ) দাম, পুঞ্জ

**২০৭. নিচের কোন বাক্যে যৌগিক ক্রিয়ার উদাহরণ রয়েছে?** ঘ
ক) শিক্ষক ছাত্রদের ব্যাকরণ পড়াচ্ছেন
খ) মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন
গ) রমিজ বই পড়ে
ঘ) ঘন্টা বেজে উঠল

**২০৮. কোনটি সাধারণ বর্তমানকালের উদাহরণ?** ঘ
ক) সন্ধ্যায় সূর্য অস্ত যায়
খ) বাবা অফিস থেকে বাড়ি ফিরেছেন
গ) আমি প্রতিদিন স্কুলে যেতাম
ঘ) সুমন বই পড়ছে

**২০৯. কোনটি বিদেশাগত ধাতু?** গ
ক) হস খ) দৃশ
গ) বিগড় ঘ) হার

**২১০. ভাববাচক বিশেষ্যের উদাহরণ কোনটি?** ঘ
ক) সংঘ খ) মালা
গ) গীতাঞ্জলি ঘ) দর্শন

**২১১. নিত্য পুরুষবাচক শব্দ কোনটি?** ক
ক) কৃতদার খ) মানুষ
গ) বাঙালি ঘ) সন্তান

**২১২. কোন কোন পদের বচনভেদ হয়?** ক
ক) বিশেষ্য ও সর্বনাম খ) সর্বনাম ও ক্রিয়া
গ) বিশেষ্য ও বিশেষণ ঘ) সর্বনাম ও অব্যয়

**২১৩. বিশেষ্য, বিশেষণ ও অনুকার অব্যয়ের পরে আ-প্রত্যয়যোগে গঠিত হয় কোন ধাতু?** গ
ক) সাধিত ধাতু খ) প্রযোজক ধাতু
গ) নাম ধাতু ঘ) কর্মবাচ্যের ধাতু

**২১৪. নিত্যবৃত্ত বর্তমান কালের উদাহরণ কোনটি?** ঘ
ক) মা খেতে ডেকেছেন
খ) আমি ইংরেজি পড়া শেষ করেছি
গ) ছেলেরা ফুটবল খেলছে
ঘ) আমি রোজ বিদ্যালয়ে পড়াতে যাই

**২১৫. দ্বিরুক্ত শব্দকে কয় ভাগে ভাগ করা যায়?** খ
ক) দুই খ) তিন গ) চার ঘ) পাঁচ

**২১৬. সমষ্টিবাচক বিশেষ্যের উদাহরণ কোনটি?** খ
ক) দর্শন খ) সমিতি গ) পর্বত ঘ) মানুষ

**২১৭. কোন বাক্যে যৌগিক ক্রিয়ার উদাহরণ রয়েছে?** ঘ
ক) সাপুড়ে সাপ খেলায়
খ) শিক্ষক ছাত্রদের ব্যাকরণ পড়াচ্ছেন
গ) শোভন বই পড়ে
ঘ) সে পাস করে গেল

**২১৮. 'নেতা'–এর স্ত্রীলিঙ্গ কোন প্রত্যয়যোগে গঠিত?** গ
ক) ঈ খ) তৃ গ) ত্রী ঘ) ত্রি

**২১৯. 'দেখা' কোন পদ?** ঘ
ক) ক্রিয়া খ) সংজ্ঞাবাচক বিশেষ্য
গ) বিশেষ্য ঘ) ভাববাচক বিশেষ্য

**২২০. ক্রিয়া পদকে বিশ্লেষণ করলে কয়টি অংশ পাওয়া যায়?** ক
ক) ২টি খ) ৩টি গ) ৪টি ঘ) ৫টি

**২২১. 'মামা প্রতিদিন আসতেন' কোন কালের উদাহরণ?** ক
ক) নিত্যবৃত্ত অতীতের খ) নিত্যবৃত্ত বর্তমানের
গ) সাধারণ বর্তমানের ঘ) সাধারণ অতীতের

**২২২. কোন পুরুষের অনুজ্ঞা হয়?** খ
ক) উত্তম পুরুষ খ) মধ্যম পুরুষ
গ) নাম পুরুষ ঘ) প্রথম পুরুষ

**২২৩. সমষ্টিবাচক বিশেষ্য পদের উদাহরণ কোনটি?** খ
ক) পাখি খ) জনতা গ) মানুষ ঘ) অগ্নিবীণা

**২২৪. 'চল্' কোন ধাতুর উদাহরণ?** ক
ক) মৌলিক ধাতু খ) সাধিত ধাতু
গ) যৌগিক ধাতু ঘ) অগ্নিবীণা

**২২৫. নিচের কোন বাক্যে নিত্যবৃত্ত অতীত কালের উদাহরণ রয়েছে?** খ
ক) সে বাড়ি এসেছে
খ) আমি নিয়মিত স্কুলে যেতাম
গ) তিনি গতকাল এসেছেন
ঘ) আতি ঢাকা গিয়েছিলাম

**২২৬. নিত্য পুরুষবাচক শব্দ কোনটি?** গ
ক) শিক্ষক খ) কবি গ) বিপত্নীক ঘ) ডাক্তার

**২২৭. ভাববাচক বিশেষ্যের উদাহরণ কোনটি?** খ
ক) অগ্নিবীণা খ) ভোজন গ) ধলেশ্বরী ঘ) জনতা

**২২৮. 'স্বাগত'–এর সঠিক সন্ধি–বিচ্ছেদ কোনটি?** গ
ক) স্ব + আগত খ) সুব + আগত
গ) সু + আগত ঘ) স্ব + গত

**২২৯. 'বিদ্বান'–এর সঠিক স্ত্রীবাচক শব্দ কোনটি?** গ
ক) বিদ্বানী খ) বিদুষিনী গ) বিদুষী ঘ) বিদুষী

**২৩০. 'আমি রবীন্দ্রনাথের গল্পগুচ্ছ পড়েছি,—'গুচ্ছ' শব্দাংশটি কোন প্রকারের বহুবচন?** ক
ক) সমষ্টিবাচক খ) শ্রেণিবাচক
গ) প্রাণিবাচক ঘ) গুণবাচক

**২৩১. কোনটি ঘটমান অতীত কালের উদাহরণ?** খ
ক) জার্মানিরা এখনো ফুটবল খেলছে
খ) সুমন বই পড়ছিল
গ) আজাদ রোজ স্কুলে যেত
ঘ) রিমন ঢাকা গিয়েছিল

**২৩২. সুন্দরী গাছ সুন্দরবনে পাওয়া যায়—এখানে 'সুন্দরী গাছ' কোন পদ?** ক
ক) সংজ্ঞাবাচক বিশেষ্য খ) শ্রেণিবাচক বিশেষ্য
গ) ভাববাচক বিশেষ্য ঘ) বিশেষণ পদ

**২৩৩. কোনটি প্রযোজক ক্রিয়ার উদাহরণ?** ক
ক) সাইরেন বেজে ওঠল

ⓑ মা নুসরাতকে চাঁদ দেখাচ্ছেন
ⓒ পাভেল স্কুলে যায়
ⓓ হাফিজ চিঠি লিখছে

**২৩৪. কোনটি মৌলিক ধাতু?** ⓓ
ⓐ হাতা ⓑ ঘুম
ⓒ করা ⓓ দেখ

**২৩৫. বিশেষ্য, বিশেষণ ও অনুকার অব্যয়ের পরে আ-প্রত্যয়যোগে গঠিত ধাতুকে কী বলে?** ⓐ
ⓐ সাধিত ধাতু ⓑ প্রযোজক ধাতু
ⓒ কর্মবাচ্যের ধাতু ⓓ নাম ধাতু

**২৩৬. কোনটি যৌগিক ক্রিয়ার উদাহরণ?** ⓑ
ⓐ সাপুড়ে সাপ খেলায় ⓑ সে পাস করে গেল
ⓒ সেলিমা বেগম বাড়ি যায় ⓓ বাবা বাড়ি এসেছেন

**২৩৭. কোনটি নিত্যবৃত্ত অতীতকালের উদাহরণ?** ⓓ
ⓐ আমি তাকে ভাত খেতে দেখেছিলাম
ⓑ আমি ছেলেবেলার কথা ভাবছিলাম
ⓒ তুমি কি তার পরীক্ষা নিয়েছিলে
ⓓ বাবা প্রতিদিন বাজার করতেন

**২৩৮. শব্দের শেষে 'আ' প্রত্যয়যোগে গঠিত স্ত্রীবাচক শব্দ কোনটি?** ⓐ
ⓐ আধুনিকা ⓑ নায়ক
ⓒ অধ্যাপক ⓓ শিক্ষক

**২৩৯. ব্যাকরণে বচন অর্থ কী?** ⓑ
ⓐ পদের ধারণা ⓑ সংখ্যার ধারণা
ⓒ বাক্যের ধারণা ⓓ সমাসের ধারণা

**২৪০. কোনটিকে শব্দের প্রাণ বলা হয়?** ⓒ
ⓐ বর্ণকে ⓑ ধ্বনিকে
ⓒ অর্থকে ⓓ ভাষাকে

**২৪১. অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত হয় কোনটি?** ⓓ
ⓐ গণ ⓑ বৃন্দ ⓒ বর্গ ⓓ দাম

**২৪২. বাক্যে বিশেষ্য পদের পরিবর্তে কোনটি বসে?** ⓐ
ⓐ সর্বনাম ⓑ বিশেষণ ⓒ ক্রিয়া ⓓ অব্যয়

**২৪৩. কোনটি শব্দের প্রাণ?** ⓓ
ⓐ বাক্য ⓑ পদ ⓒ ধ্বনি ⓓ অর্থ

**২৪৪. 'হিম' শব্দের বিপরীত লিঙ্গ কোনটি?** ⓒ
ⓐ হিমু ⓑ হিমাদ্রি ⓒ হিমানী ⓓ হিমসী

**২৪৫. কোন বাক্যটি বর্তমান অনুজ্ঞা বোঝায়?** ⓐ
ⓐ অংকটা বুঝিয়ে দেবেন? ⓑ অসুখ হলে ওষুধ খাবেন।
ⓒ সুমন বই পড়ছে। ⓓ বাবা আজ আসবেন।

**২৪৬. 'শৈবাল' শব্দের বহুবচন কোনটি?** ⓒ
ⓐ শৈবাল গুচ্ছ ⓑ শৈবাল মালা
ⓒ শৈবাল দাম ⓓ শৈবাল পুঞ্জ

**২৪৭. নিত্য পুরুষবাচক শব্দ কোনটি?** ⓐ
ⓐ অকৃতদার ⓑ মানুষ
ⓒ বাঙালি ⓓ সন্তান

**২৪৮. কোনটি সংস্কৃত ধাতুর উদাহরণ?** ⓑ
ⓐ বগড় ⓑ হাস্ ⓒ আঁক্ ⓓ দৃশ্

**২৪৯. ভবিষ্যৎ কালের অনুজ্ঞা রয়েছে কোন বাক্যে?** ⓒ
ⓐ আমাকে তুমি রক্ষা করো, প্রভু
ⓑ মিথ্যা কথা বলো না
ⓒ অসুস্থ হলে ওষুধ খাবে
ⓓ আদেশ করুন জাহাঁপনা

**২৫০. বহুবচন গঠনে নিচের কোনটি যথার্থ?** ⓐ
ⓐ মেঘপুঞ্জ ⓑ ছাত্রপুঞ্জ
ⓒ বালুপুঞ্জ ⓓ পক্ষিপুঞ্জ

**২৫১. 'ধাতু' শব্দটির যথার্থ পরিচয় কোনটি?** ⓒ
ⓐ পদের প্রধান অংশ ⓑ বাক্যের অবিভাজ্য অংশ
ⓒ ক্রিয়ার মূল অংশ ⓓ ধ্বনির ক্ষুদ্রতম অংশ

**২৫২. বাবা প্রতিদিন বাজার করতেন।**
**—এটি কোন কালের উদাহরণ?** ⓑ
ⓐ সাধারণ অতীত ⓑ নিত্যবৃত্ত অতীত
ⓒ পুরাঘটিত বর্তমান ⓓ পুরাঘটিত অতীত

**২৫৩. যে ক্রিয়ার কর্ম নেই, তাকে কোন ক্রিয়া বলে?** ⓓ
ⓐ সকর্মক ক্রিয়া ⓑ সমধাতুজ ক্রিয়া
ⓒ দ্বিকর্মক ক্রিয়ার কর্মের ⓓ অকর্মক ক্রিয়া

**২৫৪. কোন বাক্যে অকর্মক ক্রিয়া আছে?** ⓒ
ⓐ মনি গান গাচ্ছে।
ⓑ হাজী সাহেব যাকাত দিয়েছেন।
ⓒ আমি দুপুরে খেয়েছি
ⓓ মা ভাত রেধেছেন।

**২৫৫. ক্রিয়া পদের মূল অংশকে কি বলে?** ⓓ
ⓐ শব্দ ⓑ পদ
ⓒ বিভক্তি ⓓ ধাতু

## পরিচ্ছেদ ⇨৫ শব্দগঠন

**১. অনুভূতিজাত কাল্পনিক ধ্বনির অনুকৃতি কোনটি?** ⓑ
ⓐ গুনগুন ⓑ ছম ছম ⓒ ঘচঘচ ⓓ মিউ মিউ

**২. 'গুড়গুড়' কিসের ধ্বনির অনুকৃতি?** ⓓ
ⓐ মানুষের ⓑ জীবজন্তুর
ⓒ অনুভূতিজাত কাল্পনিক ⓓ বস্তুর

**৩. জীবজন্তুর ধ্বনির অনুকৃতি কোনটি?** ⓓ
ⓐ খক খক ⓑ ছম ছম ⓒ কল কল ⓓ মিউ মিউ

**৪. 'চোঁ চোঁ' কিসের ধ্বনির অনুকৃতি?** ⓒ
ⓐ মানুষের ⓑ জীবজন্তুর
ⓒ অনুভূতিজাত কাল্পনিক ⓓ বস্তুর

**৫. বস্তুর ধ্বনির অনুকৃতি কোনটি?** ⓒ
ⓐ ট্যা ট্যা ⓑ কুট কুট
ⓒ ঘচঘচ ⓓ মিউ মিউ

**৬. 'কা কা' কিসের ধ্বনির অনুকৃতি?** ⓓ
ⓐ মানুষের ⓑ বস্তুর
ⓒ অনুভূতিজাত কাল্পনিক ⓓ জীবজন্তুর

**৭. মানুষের ধ্বনির অনুকৃতি কোনটি?** ⓐ
ⓐ গুনগুন ⓑ চোঁ চোঁ
ⓒ গর গর ⓓ মিউ মিউ

**৮. 'ট্যা ট্যা' কিসের ধ্বনির অনুকৃতি?** ⓐ
ⓐ অনুভূতিজাত কাল্পনিক ⓑ জীবজন্তুর
ⓒ মানুষের ⓓ বস্তুর

**৯. অনুভূতিজাত কাল্পনিক ধ্বনির অনুকৃতি কোনটি?** ⓑ
ⓐ হি হি ⓑ ঠা ঠা ⓒ ঝম ঝম ⓓ মিউ মিউ

**১০. 'কলকল' কিসের ধ্বনির অনুকৃতি?** ⓓ
ⓐ মানুষের ⓑ অনুভূতিজাত কাল্পনিক
ⓒ জীবজন্তুর ⓓ বস্তুর

**১১. জীবজন্তুর ধ্বনির অনুকৃতি কোনটি?** ⓓ
ⓐ মড় মড় ⓑ ছম ছম
ⓒ ঘচঘচ ⓓ গর গর

**১২. 'কুট কুট' কিসের ধ্বনির অনুকৃতি?** ⓒ
ⓐ জীবজন্তুর ⓑ মানুষের
ⓒ অনুভূতিজাত কাল্পনিক ⓓ বস্তুর

**১৩. বস্তুর ধ্বনির অনুকৃতি কোনটি?** ⓒ
ⓐ ভেউ ভেউ ⓑ কুট কুট
ⓒ মড়মড় ⓓ মিউ মিউ

**১৪. 'কুহু কুহু' কিসের ধ্বনির অনুকৃতি?** ⓑ

ক মানুষের খ জীবজন্তুর
গ অনুভূতিজাত কাল্পনিক ঘ বস্তুর

১৫. **মানুষের ধ্বনির অনুকৃতি কোনটি?** ক
ক হি হি খ মড় মড়
গ ঘচঘচ ঘ কা কা

১৬. **'খক খক' কিসের ধ্বনির অনুকৃতি?** ক
ক মানুষের খ জীবজন্তুর
গ অনুভূতিজাত কাল্পনিক ঘ বস্তুর

১৭. **অনুভূতিজাত কাল্পনিক ধ্বনির অনুকৃতি কোনটি?** খ
ক ঝমঝম খ ঝিকিমিকি
গ খকখক ঘ মিউ মিউ

১৮. **'ঝমঝম' কিসের ধ্বনির অনুকৃতি?** ঘ
ক অনুভূতিজাত কাল্পনিক খ জীবজন্তুর
গ মানুষের ঘ বস্তুর

১৯. **জীবজন্তুর ধ্বনির অনুকৃতি কোনটি?** ঘ
ক গুনগুন খ ছম ছম
গ ঘচঘচ ঘ ঘেউ ঘেউ

২০. **'ঝম ঝম' কিসের ধ্বনির অনুকৃতি?** ঘ
ক মানুষের খ জীবজন্তুর
গ অনুভূতিজাত কাল্পনিক ঘ বস্তুর

২১. **বস্তুর ধ্বনির অনুকৃতি কোনটি?** গ
ক গুনগুন খ কুট কুট
গ মচমচ ঘ মিউ মিউ

২২. **'ভেউ ভেউ' কিসের ধ্বনির অনুকৃতি?** ক
ক মানুষের খ জীবজন্তুর
গ অনুভূতিজাত কাল্পনিক ঘ বস্তুর

২৩. **সমার্থক শব্দযোগে দ্বিরুক্ত হয়েছে কোন শব্দে?** ক
ক ঢাকঢোল খ মনেমনে
গ বেচা–কেনা ঘ মারধর

২৪. **একই শব্দ দুবার ব্যবহার করে দ্বিরুক্ত শব্দ গঠিত হয়েছে কোনটিতে?** খ
ক হাট–বাজার খ মনেমনে
গ বেচা–কেনা ঘ হৈচৈ

২৫. **জোড় শব্দের পর–অংশ আংশিক পরিবর্তন করে দ্বিরুক্ত শব্দ গঠিত হয়েছে কোনটিতে?** ঘ
ক ঢাকঢোল খ কানাকানি
গ বেচা-কেনা ঘ মারধর

২৬. **বিপরীত শব্দযোগে দ্বিরুক্ত শব্দ গঠিত হয়েছে কোনটিতে?** গ
ক ঢাকঢোল খ মনেমনে
গ বেচা-কেনা ঘ মারধর

২৭. **'আসা–যাওয়া' শব্দে দ্বিরুক্ত শব্দ গঠিত হয়েছে কীভাবে?** খ
ক সমার্থক শব্দযোগে
খ অনুকার ধ্বনিযোগে
গ জোড়া শব্দের আংশিক পরিবর্তন করে
ঘ একই শব্দ দুবার ব্যবহার করে

২৮. **'ডাকাডাকি' শব্দে দ্বিরুক্ত শব্দ গঠিত হয়েছে কীভাবে?** গ
ক সমার্থক শব্দযোগে
খ বিপরীত শব্দযোগে
গ জোড় শব্দের পর–অংশ আংশিক পরিবর্তন করে
ঘ অনুকার ধ্বনিযোগে

২৯. **'ফোঁটা ফোটা' শব্দে দ্বিরুক্ত শব্দ গঠিত হয়েছে কীভাবে?** ঘ
ক সমার্থক শব্দযোগে
খ বিপরীত শব্দযোগে
গ জোড় শব্দের পর–অংশ আংশিক পরিবর্তন করে
ঘ অনুকার ধ্বনিযোগে

৩০. **'কথা–বার্তা' শব্দে দ্বিরুক্ত শব্দ গঠিত হয়েছে কীভাবে?** ক
ক সমার্থক শব্দযোগে
খ বিপরীত শব্দযোগে
গ জোড় শব্দের পর–অংশ আংশিক পরিবর্তন করে
ঘ একই শব্দ দুবার ব্যবহার করে

৩১. **'দেনা–পাওনা' শব্দে দ্বিরুক্ত শব্দ গঠিত হয়েছে কীভাবে?** খ
ক সমার্থক শব্দযোগে
খ বিপরীত শব্দযোগে
গ অনুকার ধ্বনিযোগে
ঘ একই শব্দ দুবার ব্যবহার করে

৩২. **সমার্থক শব্দযোগে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি?** ক
ক ধনদৌলত খ মনেমনে
গ বেচা–কেনা ঘ মারধর

৩৩. **জোড় শব্দের পর–অংশ আংশিক পরিবর্তন করে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি?** ঘ
ক ঢাকঢোল খ মনেমনে
গ বেচা–কেনা ঘ রাগারাগি

৩৪. **বিপরীত শব্দযোগে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি?** গ
ক ঢাকঢোল খ মনেমনে
গ ইচ্ছা–অনিচ্ছা ঘ মারধর

৩৫. **'জন্ম–মৃত্যু' শব্দে দ্বিরুক্ত শব্দ গঠিত হয়েছে কীভাবে?** খ
ক সমাথক শব্দযোগে
খ বিপরীত শব্দযোগে
গ অনুকার ধ্বনিযোগে
ঘ একই শব্দ দুবার ব্যবহার করে

৩৬. **'চেয়েচিন্তে' শব্দে দ্বিরুক্ত শব্দ গঠিত হয়েছে কীভাবে?** গ
ক সমার্থক শব্দযোগে
খ বিপরীত শব্দযোগে
গ জোড় শব্দের পর–অংশ আংশিক পরিবর্তন করে
ঘ একই শব্দ দুবার ব্যবহার করে

৩৭. **'আস্তে আস্তে' শব্দে দ্বিরুক্ত শব্দ গঠিত হয়েছে কীভাবে?** ঘ
ক সমার্থক শব্দযোগে
খ বিপরীত শব্দযোগে
গ অনুকার ধ্বনিযোগে
ঘ একই শব্দ দুবার ব্যবহার করে

৩৮. **'চাল-চলন' শব্দে দ্বিরুক্ত শব্দ গঠিত হয়েছে কীভাবে?** ক
ক সমার্থক শব্দযোগে
খ বিপরীত শব্দযোগে
গ জোড় শব্দের পর–অংশ আংশিক পরিবর্তন করে
ঘ একই শব্দ দুবার ব্যবহার করে

৩৯. **সমার্থক শব্দযোগে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি?** ক
ক ভয়ডর খ মনেমনে
গ বেচা–কেনা ঘ মারধর

৪০. **জোড় শব্দের পর–অংশ আংশিক পরিবর্তন করে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি?** ঘ
ক ঢাকঢোল খ বারবার
গ বেচা–কেনা ঘ কাছাকাছি

৪১. **বিপরীত শব্দযোগে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি?** গ
ক ঢাকঢোল খ মনেমনে
গ আসল-নকল ঘ মারধর

৪২. **সমার্থক শব্দযোগে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি?** ক
ক আশা-ভরসা খ মনেমনে
গ বেচা-কেনা ঘ মারধর

৪৩. **একই শব্দ দুবার ব্যবহার করে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি?** খ
ক কাছাকাছি খ বছর বছর
গ বেচা-কেনা ঘ মারধর

৪৪. **'জনে জনে' শব্দে দ্বিরুক্ত শব্দ গঠিত হয়েছে কীভাবে?** ঘ
ক একই শব্দ দুবার ব্যবহার করে
খ বিপরাত শব্দযোগে
গ অনুকার ধ্বনিযোগে
ঘ সমার্থক শব্দযোগে

৪৫. **'আত্মীয়–স্বজন' শব্দে দ্বিরুক্ত শব্দ গঠিত হয়েছে কোন প্রক্রিয়ায়?** ক
ক সমার্থক শব্দযোগে

ⓑ বিপরীত শব্দযোগে
ⓖ জোড় শব্দের পর–অংশ আংশিক পরিবর্তন করে
ⓓ একই শব্দ দুবার ব্যবহার করে

**৪৬. কোন দ্বিরুক্ত শব্দটি সমার্থক শব্দযোগে গঠিত?** ⓚ
ⓚ মাথামন্ড খ মনেমনে
ⓖ বেচা–কেনা ঘ মারধর

**৪৭. একই শব্দ দুবার ব্যবহার করে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি?** ⓑ
ⓚ ঢাকঢোল ⓑ কথায় কথায়
ⓖ ডাকাডাকি ⓓ মারধর

**৪৮. 'খেয়ে খেয়ে' শব্দে দ্বিরুক্ত শব্দ গঠিত হয়েছে কীভাবে?** ⓓ
ⓚ সমার্থক শব্দযোগে
ⓑ বিপরীত শব্দযোগে
ⓖ অনুকার ধ্বনিযোগে
ⓓ একই শব্দ দুবার ব্যবহার করে

**৪৯. 'টনটন' শব্দে দ্বিরুক্ত শব্দ গঠিত হয়েছে কীভাবে?** ⓚ
ⓚ অনুকার ধ্বনিযোগে
ⓑ বিপরীত শব্দযোগে
ⓖ জোড় শব্দের পর–অংশ আংশিক পরিবর্তন করে
ⓓ একই শব্দ দুবার ব্যবহার করে

**৫০. ব্যঞ্জনবর্ণের সাথে 'কার' যোগ করে গঠিত শব্দ কোনটি?** ⓑ
ⓚ বক্র ⓑ বাড়ি
ⓖ চক্র ⓓ নম্র

**৫১. ব্যঞ্জনবর্ণের সাথে 'ফলা' যোগ করে গঠিত শব্দ কোনটি?** ⓚ
ⓚ বক্র ⓑ গরু
ⓖ পৃথিবী ⓓ আমাকে

**৫২. মৌলিক শব্দ যোগ করে গঠিত শব্দ কোনটি?** ⓖ
ⓚ বক্র ⓑ মাছ
ⓖ পাগলামি ⓓ আমাকে

**৫৩. শব্দের শেষে বিভক্তি যোগ করে গঠিত শব্দ কোনটি?** ⓓ
ⓚ বক্র ⓑ বোতল
ⓖ কলম ⓓ আমাকে

**৫৪. ব্যঞ্জনবর্ণের সাথে 'কার' যোগ করে গঠিত শব্দ কোনটি?** ⓑ
ⓚ বক্র ⓑ তৃণ
ⓖ পদ্ম ⓓ গদ্য

**৫৫. ব্যঞ্জনবর্ণের সাথে 'ফলা' যোগ করে গঠিত শব্দ কোনটি?** ⓚ
ⓚ ক্লান্ত ⓑ বাড়ি
ⓖ ইতর ⓓ আমাকে

**৫৬. মৌলিক শব্দ যোগ করে গঠিত শব্দ কোনটি?** ⓖ
ⓚ খাতা ⓑ ঘর
ⓖ বইপত্র ⓓ আমাকে

**৫৭. শব্দের শেষে বিভক্তি যোগ করে গঠিত শব্দ কোনটি?** ⓓ
ⓚ হাসি ⓑ কুকুর
ⓖ পাগলামি ⓓ বাড়ির

**৫৮. অনুকার ধ্বনি যোগ করে গঠিত শব্দ–** ⓑ
ⓚ হতাশা ⓑ শনশন
ⓖ মিষ্টি ⓓ শুভেচ্ছা

**৫৯. উপসর্গ যোগ করে গঠিত শব্দ কোনটি?** ⓚ
ⓚ অচেনা ⓑ শনশন
ⓖ টাকা ⓓ রশি

**৬০. প্রত্যয় যোগ করে গঠিত শব্দ কোনটি?** ⓖ
ⓚ অচেনা ⓑ সময়
ⓖ মিঠাই ⓓ শুভেচ্ছা

**৬১. সন্ধি যোগ করে গঠিত শব্দ কোনটি?** ⓓ
ⓚ বস্তা ⓑ অকাজ
ⓖ হাওয়া ⓓ নায়ক

**৬২. সমাসের সাহায্যে গঠিত শব্দ কোনটি?** ⓓ
ⓚ নিলাজ ⓑ সমাজ
ⓖ পবিত্র ⓓ বসতবাড়ি

**৬৩. নিচের কোনটি দ্বিরুক্ত শব্দ?** ⓖ
ⓚ পত্রিকা ⓑ শনশন
ⓖ দলে দলে ⓓ শুভেচ্ছা

**৬৪. অনুকার ধ্বনি যোগ করে গঠিত শব্দ–** ⓑ
ⓚ জুতা ⓑ টুংটাং
ⓖ মিঠাই ⓓ শুভেচ্ছা

**৬৫. উপসর্গ যোগ করে গঠিত শব্দ কোনটি?** ⓚ
ⓚ অকাজ ⓑ মজা
ⓖ ঢাকাই ⓓ শুভেচ্ছা

**৬৬. প্রত্যয় যোগ করে গঠিত শব্দ কোনটি?** ⓖ
ⓚ কবুতর ⓑ তয়াল
ⓖ লাজুক ⓓ বিফল

**৬৭. সন্ধি যোগ করে গঠিত শব্দ কোনটি?** ⓓ
ⓚ অচেনা ⓑ শনশন
